

আমাদের সংবিধান

ইতালীয় প্রজাতন্ত্রের 60তম বার্ষিকী উপলক্ষ্যে মিলান প্রদেশ ইতালীয় সংবিধানের মূল পাঠটি 14টি ভাষায় অনুবাদ করে প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করেছে কারণ এটি ভাগ্যোন্নতির সন্ধান, জীবনের উত্থানপতনের কারণে বা নাটকীয় স্থানীয় পরিস্থিতির দ্রুণ অন্য দেশ থেকে চলে আসা মানুষের কাছে ইতালির গণতান্ত্রিক ব্যবস্থা তুলে ধরার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে। আজ আমাদের লক্ষ্য, পথ ও সম্ভাব্য উপায় হল সেই সব অভিবাসীদের জন্য একটি স্বীকৃতির পরিবেশ নির্মাণ ও প্রদান করা যা তাদের ও সেইসঙ্গে আমাদের নাগরিকদেরও একটি রাজনৈতিক স্থিরতা জোগাবে।

প্রকৃতপক্ষে এই একাত্মীকরণের রাজনীতির একটি অবিচ্ছেদ্য অঙ্গ হল আমাদের আইনকানূনের তথ্য নির্ধারিত কর্তব্য ও দায়দায়িত্বের সার্থক স্বীকৃতি, যা বহু অভিবাসীকে সেই ভবিষ্যতের-কারো কারো জন্য বর্তমানের- ছবি দেখায় যেদিন তারা ইতালীয় নাগরিক হতে পারবে।

ইতালীয় গণতন্ত্রের বনিয়াদ হল সংবিধান। 22শে ডিসেম্বর 1947 তারিখে বিধান পরিষদ এটি মঞ্জুর করে, 27শে ডিসেম্বর 1947-এ এটি জনসমক্ষে ঘোষিত হয় এবং 1 জানুয়ারি 1948 থেকে কার্যকর হয়। মাত্র দু বছরের কিছু বেশি দিন হল একটি সর্বগ্রাসী শাসনতন্ত্র, ফ্যাশিবাদী শাসন ও এক বিধ্বংসী যুদ্ধের কবল থেকে মুক্তি পাওয়া ইতালি এই সনদটির হাত ধরে পৃথিবীর অন্যতম অগ্রসর দেশ হয়ে উঠে দাঁড়ায়। এটি দেশের পুনরুত্থান ও অগ্রগতিতে এমন ভাবে সহায়তা করেছে যে আজ আমরা এক গণতান্ত্রিক ও অতিশিপরায়ণ দেশ রূপে পরিচিত, ভূমধ্যসাগরীয় জনগণ ও ইউরোপ মহাদেশের মধ্যের যোগসূত্র স্বরূপ।

এই পুস্তিকাটিতে ইতালীয় গণতান্ত্রিক রাজনৈতিক সংস্কৃতির শুভ অবদানের উপর জোর দেওয়া হয়েছে, যা কোনো রকম কর্তৃত্বব্যঞ্জক, সর্বগ্রাসী, প্রগতিবিমুখ নীতির সঙ্গে অপরিবর্তনীয় বিচ্ছেদ ঘোষিত করে। এই সংবিধান তাই সকলের কাছে তুলে ধরা হচ্ছে এই মঙ্গলকামনায় যে এতে যে সব নির্ধারিত কর্তব্য ও দায়দায়িত্বের কথা বলা হয়েছে তা ইতালীতে অভিবাসী নরনারীকে কিছুটা ধারণা জোগাবে এবং তাদের একাত্মীভবনের অচ্ছেদ্য অঙ্গ হয়ে উঠবে।

নাগরিক অধিকার রক্ষা পরিষদ সদস্য

সভাপতি

ক্রাফ্ফেস্কা কর্সো

ফিলিপ্পো পেনাতি

মৌলিক নীতিসমূহ

অনুচ্ছেদ 1

ইতালী একটি গণতান্ত্রিক প্রজাতন্ত্র, যার ভিত্তি হল কর্ম। সার্বভৌমত্বের মালিক হল জনগণ, যারা বিভিন্নরূপে এবং সংবিধানের মাধ্যমে থেকে এটিকে প্রয়োগ করে।

অনুচ্ছেদ 2

প্রজাতন্ত্র মানুষের অলঙ্ঘনীয় অধিকারগুলি স্বীকার করে এবং তার নিশ্চয়তা দেয় এবং তা করে একটি ব্যক্তি হিসেবে এবং সামাজিক গোষ্ঠীর মধ্যে যেখানে সে তার ব্যক্তিত্ব প্রকাশ করে এবং রাজনৈতিক, আর্থিক এবং সামাজিক একত্ববোধের আবশ্যক দায়িত্বগুলির পরিপূরণ দাবী করে।

অনুচ্ছেদ 3

সমস্ত নাগরিকদের সমান সামাজিক মর্যাদা রয়েছে এবং লিঙ্গ, জাতি, ভাষা, ধর্ম, রাজনৈতিক চিন্তাধারা, ব্যক্তিগত এবং সামাজিক অবস্থা নির্বিশেষে আইনের চোখে তারা সমান। প্রজাতন্ত্রের দায়িত্ব হল আর্থিক ও সামাজিক প্রকৃতির সেই বাধাগুলিকে দূর করা, যা নাগরিকদের স্বাধীনতা ও সম্যকে সীমাবদ্ধ করে, মানুষের পূর্ণবিকাশে বাধা দেয় এবং দেশের রাজনৈতিক, আর্থিক এবং সামাজিক সংস্থাপনিত সমস্ত কর্মীদের কার্যকর অংশগ্রহণে বাধা দেয়।

অনুচ্ছেদ 4

প্রজাতন্ত্র সমস্ত নাগরিকদের কাজের অধিকারের স্বীকৃতি দেয় এবং সেই অবস্থায় প্রত্যাশাবদ্ধ করে যা এই অধিকারটিকে কার্যকর করে। নিজের সম্ভাবনা ও ব্যক্তিগত পছন্দ অনুসারে প্রত্যেক নাগরিকের দায়িত্ব হল, একটি কাজ বা একটি কর্মকাণ্ডে রত হওয়া যা সমাজের বিষয়গুলি বা আত্মিক উন্নতিতে অবদান রাখবে।

অনুচ্ছেদ 5

প্রজাতন্ত্র, এক ও অবিভীম, যা স্থানীয় স্বায়ত্তশাসন ও বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তাগুলির ক্ষেত্রে নীতিগুলি এবং এর আইনের পদ্ধতিগুলি মেনে চলে।

অনুচ্ছেদ 6

প্রজাতন্ত্র যথাযথ পদক্ষেপ গ্রহণ করে, ভাষাগত সংখ্যালঘুদের সুরক্ষা প্রদান করে।

অনুচ্ছেদ 7

রাষ্ট্র এবং ক্যাথোলিক চার্চ এর, প্রত্যেকে এর নিজের আইনে আবদ্ধ, স্বাধীন এবং সার্বভৌম। তাদের সম্পর্কগুলি ল্যাটেরান ট্রিটি অনুসারে নিয়ন্ত্রিত হয়। ট্রিটি বা চুক্তিটির ক্ষেত্রে উভয় পক্ষের সম্মতিকৃত পরিবর্তনের জন্য সাংবিধানিক সংশোধনের পদ্ধতির প্রয়োজন নেই।

অনুচ্ছেদ 8

আইনের সামনে সমস্ত ধর্মীয় বিশ্বাসগুলির ক্ষেত্রে তাদের নিজস্বের বিশ্বাস অনুযায়ী সংগঠিত হওয়ার অধিকার রয়েছে, যদি না তা ইতালীয় আইনকে লঙ্ঘিত করে। রাষ্ট্রের সাথে তাদের সম্পর্ক, সংশ্লিষ্ট প্রতিনিধিদের সাথে সম্মতিকৃত চুক্তির ভিত্তিতে আইন অনুসারে নিয়ন্ত্রিত হবে।

অনুচ্ছেদ 9

প্রজাতন্ত্র সাংস্কৃতিক ও বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণার উন্নয়নে পৃষ্ঠপোষকতা করে। এটি প্রাকৃতিক সৌন্দর্য এবং তার সাথে সাথে দেশের ঐতিহাসিক ও কলা সংক্রান্ত ঐতিহ্যকে সুরক্ষিত করে।

অনুচ্ছেদ 10

ইতালীয় আইন, আন্তর্জাতিক আইনের সাধারণভাবে স্বীকৃত নীতিগুলির সাথে সামুজ্য বজায় রাখে। বিদেশীদের আইনী অবস্থা আইন দ্বারা নিয়ন্ত্রিত হয় যা আন্তর্জাতিক রীতি ও চুক্তিগুলির সাথে সামুজ্য বজায় রাখে। যে বিদেশীকে তার নিজের দেশে, ইতালীয় সংবিধানের নিশ্চয়তা প্রদত্ত গণতান্ত্রিক স্বাধীনতাগুলির সত্যিকারের প্রয়োগ করতে দেওয়া হয়নি, তার এই প্রজাতন্ত্রের এলাকায় আইন দ্বারা স্থাপিত শর্ত অনুসারে আশ্রয় চাওয়ার অধিকার রয়েছে। রাজনৈতিক অপরাধের জন্য একজন বিদেশীকে বহিষ্কার করা অনুমোদিত হয়নি।

অনুচ্ছেদ 11

ইতালী, যুদ্ধকে অন্যান্য লোকদের স্বাধীনতার বিরুদ্ধে আগ্রাসনের একটি উপকরণ হিসেবে বর্জন করে এবং এটিকে আন্তর্জাতিক বিতর্কগুলির সমাধানের পথ হিসেবে গণ্য করে না; এটি মনে করে যে, অন্যান্য রাষ্ট্রগুলির সাথে সাম্যের শর্তে, সার্বভৌমতাকে

সীমাবদ্ধ করার প্রয়োজন হতে পারে যা, জাতিগুলির মধ্যে শান্তি ও ন্যায় নিশ্চিত করবে; এটি একই লক্ষ্যের আন্তর্জাতিক সংস্থাপনকে ভুলে ধরে এবং উৎসাহ দেয়।

অনুচ্ছেদ 12

প্রজাতন্ত্রের পতাকা হল, ইতালীয় ত্রি-বর্ণিক: সবুজ, সাদা ও লাল, একই আকারের তিনটি উল্লম্ব ব্যান্ড।

বিভাগ 1

নাগরিকদের অধিকার ও কর্তব্যগুলি

শিরোনাম

জন অধিকার

অনুচ্ছেদ 13

ব্যক্তিগত স্বাধীনতা অলঙ্ঘনীয়। কোন ধরনের আটকে রাখা, পরিদর্শন বা ব্যক্তিগত তদন্ত, বা ব্যক্তিগত স্বাধীনতার উপর অন্য কোন বাধা তৈরী করে তা স্বীকৃত নয়, যদি না একটি বিচার ব্যবস্থা দ্বারা প্রদত্ত একটি আদেশ অনুসারে তা করতে বলা হয় এবং শুধুমাত্র সেই ক্ষেত্রগুলিতে এবং সেইভাবে তা করা যাবে, যা আইন দ্বারা স্বীকৃত রয়েছে। প্রয়োজনীয়তা ও জরুরী ব্যতিক্রমী ক্ষেত্রগুলিতে, কঠোরভাবে আইন দ্বারা ব্যাধ্যাকৃত উপায়ে, পুলিশ কর্তৃপক্ষ সাময়িক পদক্ষেপ নিতে পারে, যা অবশ্যই আটচল্লিশ ঘন্টার মধ্যে বিচার ব্যবস্থাকে জানাতে হবে এবং যদি তা পরবর্তী আটচল্লিশ ঘন্টার মধ্যে জানানো না হয়, সে ক্ষেত্রে তা তাদের দ্বারা অনুমোদিত না হলে, বাতিল ও অকার্যকর হবে যাবে। কোন ব্যক্তির বিরুদ্ধে করা সমস্ত ধরনের শারীরিক ও মানসিক হিংসার ব্যাপারটি কোন ভাবে স্বাধীনতায় বাধা দিলে, সেগুলিকে শাস্তি দিতে হবে। আইনে সর্বাধিক সময়কালের জন্য প্রতিরোধমূলক আটকের ব্যবস্থা রয়েছে।

অনুচ্ছেদ 14

বাড়ি অলঙ্ঘনীয়। পরিদর্শন, অনুসন্ধান বা বাজেয়াপ্ত করার কাজ নাও করা যেতে পারে, শুধুমাত্র ব্যক্তিগত স্বাধীনতার সুরক্ষা নিশ্চিত করার জন্য আইনে প্রস্তাবিত উপায়ে ও ক্ষেত্রগুলিতে তা করা যাবে। জনস্বাস্থ্য ও সুরক্ষা বা আর্থিক ও রাজস্বের প্রয়োজনে করা নিয়ন্ত্রণ ও পরিদর্শনগুলি বিশেষ আইন দ্বারা নিয়ন্ত্রিত হয়।

অনুচ্ছেদ 15

চিঠি- পত্রগুলি এবং অন্য সমস্ত ধরনের যোগাযোগের ক্ষেত্রে স্বাধীনতা ও গোপনীয়তার ব্যাপারটি অলঙ্ঘনীয়। এক্ষেত্রে শুধুমাত্র পরোয়ানা দিয়ে বাধা স্থাপন করা যাবে, যাতে আইন দ্বারা স্থাপিত নিশ্চয়তাসহ একটি বিচার বিভাগীয় সংস্থা দ্বারা প্রদত্ত কারণগুলি থাকবে।

অনুচ্ছেদ 16

সমস্ত নাগরিকরা রাষ্ট্রীয় এলাকার যে কোন অংশে মুক্তভাবে যেতে পারেন বা অল্প সময়ের জন্য অবস্থান করতে পারেন, শুধুমাত্র স্বাস্থ্য ও নিরাপত্তার কারণে আইন দ্বারা নির্ধারিত সাধারণ বাধানিষেধগুলির ক্ষেত্রে তা করা যাবে না। সমস্ত নাগরিকরা বাধ্যতামূলকভাবে প্রজাতন্ত্রের এলাকা ছাড়তে পারেন এবং পুনরায় প্রবেশ করতে পারেন, যে আইনী বাধ্যবাধকতাগুলি পূরণ করতে হবে।

অনুচ্ছেদ 17

নাগরিকদের শান্তিপূর্ণ ও নিরস্ত্রভাবে জড়ো হওয়ার অধিকার রয়েছে। এই সম্মিলনগুলির জন্য আগে থেকে জানান দেওয়ার প্রয়োজন নেই, এবং এমনকি জনগণের জন্য উন্মুক্ত জায়গাগুলিতে তা করলেও। সাধারণ এলাকায় সম্মিলিত সভা করার জন্য অবশ্যই আগে থেকে কর্তৃপক্ষকে নোটিশ বা জানান দিতে হবে, যারা হয়তো শুধুমাত্র নিরাপত্তা ও জনসুরক্ষার ক্ষেত্রে প্রমাণিত উদ্দেশ্যের কারণে তা নিষিদ্ধ করতে পারে।

অনুচ্ছেদ 18

নাগরিকদের এই অধিকার রয়েছে যে, তারা মুক্তভাবে, অনুমোদন না নিয়ে, অপরাধ সংক্রান্ত আইন দ্বারা ব্যক্তির দ্বারা সংগৃহীত অর্থ নিষিদ্ধ না হলে, তাদের সংগঠন তৈরী করতে পারেন। গোপন সংগঠনগুলি এবং যেগুলির ক্ষেত্রে পরোক্ষভাবে হলেও একটি সামরিক ধরনের চরিত্রের মাধ্যমে রাজনৈতিক স্বার্থ দেখা হয়, তা করা নিষিদ্ধ।

অনুচ্ছেদ 19

প্রত্যেকের ব্যক্তিগত বা সম্মিলিত রূপে মুক্তভাবে তাদের নিজের ধর্মীয় বিশ্বাস প্রচার করা, এর প্রসার ঘটানো, এবং নিজস্ব এবং প্রকাশ্য উপায়ে তা পালন করার অধিকার রয়েছে, তবে রীতিগুলি মূল্যবোধ বিরোধী হলে চলবে না।

অনুচ্ছেদ 20

একটি সংগঠন বা সংস্থার ধর্মীয় প্রধানের প্রকৃতি এবং ধর্ম বা প্রার্থনা, আইন অনুসারে কোন বিশেষ সীমাবদ্ধতার কারণ হবে না বা এর গঠন, আইনী সামর্থ্য এবং এর কোন ধরনের কার্যক্রমের জন্য কোন রাজস্ব সংক্রান্ত নিষেধাজ্ঞা আরোপ হবে না।

অনুচ্ছেদ 21

নিজদের চিন্তাকে শব্দের মাধ্যমে, লিখে এবং অন্য সমস্ত যোগাযোগের মাধ্যমে মুক্তভাবে প্রকাশ করার অধিকার সবার রয়েছে। সংবাদমাধ্যমকে কোন ধরনের নিয়ন্ত্রণ বা সেন্সরশীপের আওতায় আনা যাবে না। সংবাদমাধ্যম নিয়ন্ত্রণকারী আইনে অনুমোদিত ক্ষেত্রে বা দায়িত্বপ্রাপ্ত পক্ষগুলির প্রকাশের জন্য আইনে প্রস্তাবিত সুযোগগুলি লঙ্ঘিত হলে, বিচার বিভাগীয় কর্তৃপক্ষের থেকে একটি বিস্তারিত পরামাণা নিয়ে শুধুমাত্র বাজেয়াপ্ত করা যাবে। এই ধরনের ক্ষেত্রগুলিতে, যখন একটি সম্পূর্ণ সংকট উপস্থিত হয় বা যখন বিচার বিভাগীয় কর্তৃপক্ষের দ্বারা সময়ে হস্তক্ষেপ করা সম্ভব হয় না, সেক্ষেত্রে অপরাধ নিয়ে কাজ করা পুলিশের অফিসাররা পর্যায়কালীন প্রকাশনাগুলিকে বাজেয়াপ্ত করতে পারবেন, যারা অবশ্যই বিষয়টি সম্পর্কে অবিলম্বে বিচার বিভাগীয় কর্তৃপক্ষকে জানাবেন এবং কখনোই তাতে যেন চব্বিশ ঘন্টার বেশী সময় না লাগে। যদি কর্তৃপক্ষ পরবর্তী চব্বিশ ঘন্টার মধ্যে কাজটির অনুমোদন না করেন, তাহলে ধরে নেওয়া হবে যে, বাজেয়াপ্ত করার ব্যাপারটি প্রত্যাহার করে নেওয়া হয়েছে এবং এটি বাতিল ও অকার্যকর বলে গণ্য করা হবে। সাধারণ সুযোগগুলির মাধ্যমে আইনের দ্বারা নির্ধারিত করা যেতে পারে যে, পর্যায়কালীন সংবাদমাধ্যমগুলির আর্থিক উৎসগুলি যাতে প্রকাশ করা হয়। মুদ্রিত প্রকাশনা, শো এবং প্রদর্শনীগুলি মূল্যবোধবিরোধী হলে তা কঠোরভাবে নিষিদ্ধ। সমস্ত লঙ্ঘনগুলি প্রতিরোধ ও চেষ্টা দেওয়ার জন্য আইনে যথাযথ ব্যবস্থা রয়েছে।

অনুচ্ছেদ 22

রাজনৈতিক কারণ, আইনী অবস্থা, নাগরিকত্ব, নামের কারণে কাউকে বঞ্চিত করা যাবে না।

অনুচ্ছেদ 23

আইন না থাকলে, একটি ব্যক্তিগত বা একটি সম্মিলিত ধরনের সার্টিস আরোপ করা যাবে না।

অনুচ্ছেদ 24

প্রত্যেক ব্যক্তিগত অধিকারগুলি এবং রীতিসিদ্ধ স্বার্থগুলির সুরক্ষার জন্য বিচার বিভাগীয় পদক্ষেপ নিতে পারেন। আইনী কর্মধারার প্রতিটি পর্যায়ে এবং মুহূর্তে আত্মপক্ষ সমর্থনের ব্যাপারটি অলঙ্ঘনীয়। বিচারের প্রতিটি পর্যায়ের পূর্বে দরিদ্রদের যথাযথ সংস্থা, কাজের উপায় এবং আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়ার মাধ্যমে আশ্রয় করা হবে। আইনের আওতায় বিচার সংক্রান্ত ত্রুটিগুলির পরিস্থিতি ও উপায়গুলি নির্ধারণ করা হবে।

অনুচ্ছেদ 25

আইন দ্বারা পূর্বস্থাপিত সাধারণ বিচার থেকে কাউকে সরানো নাও যেতে পারে। অপরাধ সংগঠনের পূর্বে, অনুচ্ছেদ 25 আইন দ্বারা পূর্বস্থাপিত সাধারণ বিচার থেকে কাউকে সরানো নাও যেতে পারে। অপরাধ সংগঠনের পূর্বে, ইতিমধ্যে কার্যকর একটি আইনের ভিত্তিতে কাউকে শাস্তি নাও দেওয়া যেতে পারে। আইনবলে না হলে, কাউকে নিরাপত্তা সংক্রান্ত ব্যাপারে বিবেচিত নাও করা যেতে পারে।

অনুচ্ছেদ 26

আন্তর্জাতিক বিধি অনুযায়ী প্রকাশিত ক্ষেত্রগুলিতেই একজন নাগরিককে বহিস্কার করা যাবে। রাজনৈতিক অপরাধীদের ক্ষেত্রে কোনভাবেই এর অনুরূপ দেওয়া যাবে না।

অনুচ্ছেদ 27

অপরাধ সংক্রান্ত দায়িত্ব হবে ব্যক্তিগত। অভিজ্ঞ ব্যক্তিকে চূড়ান্ত রায়দানের পূর্বে দেখা দেওয়া হবে। শাস্তিদানের ক্ষেত্রে অবশ্যই মানুষের সম্মানকে রক্ষা দিতে হবে এবং শাস্তিপ্রাপ্ত ব্যক্তির পূর্ববাসনকে অবশ্যই লক্ষ্য হিসেবে রাখতে হবে। যুদ্ধের সময় সামরিক আইনে প্রদত্ত ক্ষেত্র বাধে মৃত্যুদণ্ড দেওয়া যাবে না।

অনুচ্ছেদ 28

অপরাধ, সাধারণ এবং প্রশাসনিক আইন অনুযায়ী, অধিকারগুলি লঙ্ঘনের কাজগুলির জন্য রাষ্ট্র ও সরকারী সংস্থাগুলির অফিসিয়াল ও কর্মীরা সরাসরি দায়ী থাকবেন। এসব ক্ষেত্রগুলিতে জনগণের দায়িত্ববাহী রাষ্ট্রীয় ও সরকারী সংস্থাগুলি পর্যন্ত পরিবর্তিত হয়।

শিরোনাম ২

নৈতিক এবং সামাজিক সম্পর্ক

অনুচ্ছেদ ২৯

প্রজাতন্ত্র পরিবারের অধিকারগুলিকে বিবাহের মাধ্যমে স্থাপিত একটি স্বাভাবিক সমাজ হিসেবে গণ্য করে। বিবাহের ক্ষেত্রে পরিবারের একতা নিশ্চিত করার জন্য আইনের সীমার মধ্যে, দম্পতির উভয়ের নীতিবোধ ও আইনের সাম্য, ভিত্তি হিসেবে কাজ করে।

অনুচ্ছেদ ৩০

বাবা-মায়ের কর্তব্য ও অধিকার হল, শিশুদের সহায়তা করা, ঠিক পথে নির্দেশিত করা ও শিক্ষিত করা, এমনকি তারা বিবাহবর্হিভূত ভাবে জন্মগ্রহণ করলেও। বাবা-মায়ের অক্ষমতার ক্ষেত্রগুলিতে, তাদের কর্তব্যগুলি পূরণের জন্য আইন রয়েছে। আইন বিবাহবর্হিভূতভাবে জাত সন্তানের পূর্ণ আইনি এবং সামাজিক নিরাপত্তা নিশ্চিত করে এবং বিধিবদ্ধ পরিবারের সদস্যদের অধিকারের সাথে তার সামুজ্য বজায় রাখা হয়েছে। পিতৃস্ব সংক্রান্ত নিয়ম ও সীমাবদ্ধতাগুলি আইনে প্রণীত হয়েছে।

অনুচ্ছেদ ৩১

পরিবারের গঠন এবং এর দায়িত্বগুলি পূরণের জন্য প্রজাতন্ত্র আর্থিক মাধ্যম ও অন্যান্য উপায়ে সহায়তা করে এবং বড় আকারের পরিবারগুলিকে বিশেষভাবে বিবেচনা করা হয়। এটি প্রয়োজনীয় সংস্থাগুলিকে পৃষ্ঠপোষকতা করে মাতৃত্ব, শৈশব ও যৌবনকে সুরক্ষিত করে।

অনুচ্ছেদ ৩২

প্রজাতন্ত্র স্বাস্থ্যকে ব্যক্তির একটি মৌলিক অধিকার এবং একটি সম্মিলিত স্বার্থ হিসেবে সুরক্ষা প্রদান করে, এবং দরিদ্রদের বিনামূল্যে মেডিক্যাল সেবা প্রদান করে। আইনে প্রদত্ত ক্ষেত্র বাদে, কাউকে কোন বিশেষ স্বাস্থ্য চিকিৎসা করাতে বাধ্য করা যাবে না। আইন কোন পরিস্থিতিতেই ব্যক্তি মানুষের মর্যাদার জন্য প্রণীত সীমাগুলি লঙ্ঘন করতে পারবে না।

অনুচ্ছেদ ৩৩

বিজ্ঞান ও কলা সবার জন্য মুক্ত এবং সেগুলি বাধ্যহীন ভাবে পড়ানো যাবে। প্রজাতন্ত্র শিক্ষার জন্য সাধারণ নিয়মগুলি প্রণীত করেছে।

অনুচ্ছেদ ৩৪

স্কুলগুলি প্রত্যেকের জন্য উন্মুক্ত। প্রাথমিক শিক্ষা অঙ্গত: আট বছরের জন্য প্রদান করা হয় এবং এটা বাধ্যতামূলক ও বিনা মূল্য। সম্মম ও যোগ্য ছাত্র - ছাত্রীরা, এমনকি পর্যাপ্ত আর্থিক সামর্থ্য না থাকলেও শিক্ষার উচ্চতম মাত্রা পাওয়ার অধিকারী। স্কলারশীপ, পরিবারগুলিকে অর্থ প্রদান এবং অন্যান্য মাধ্যমে প্রজাতন্ত্র এই অধিকারটিকে কার্যকরী করে যা অবশ্যই প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রদান করতে হবে।

শিরোনাম ৩

অর্থনৈতিক সম্পর্ক

অনুচ্ছেদ ৩৫

প্রজাতন্ত্র সমস্ত রূপে কাজের সুরক্ষা দেয়। এটি কর্মীদের প্রশিক্ষণ ও পেশাগত উন্নয়নের ব্যবস্থা প্রদান করে। এটি সেসব আর্থজাতিক চুক্তি ও সংস্থাগুলিকে তুলে ধরে এবং উপসাহ দেয়, যাদের লক্ষ্য হল শ্রমিক অধিকার রক্ষা এবং তা নিয়ন্ত্রণ করা। এটি আইনে প্রণীত বাধ্যবাধকতাকে সুরক্ষিত রেখে, অভিবাসনের স্বাধীনতাকে স্বীকৃতি দেয় এবং বিদেশে ইতালীয় শ্রমিকদের সুরক্ষা দেয়।

অনুচ্ছেদ ৩৬

কর্মীদের তাদের কাজের পরিমাণ ও মানের অনুপাতে বেতন পাওয়ার অধিকার রয়েছে এবং সমস্ত ক্ষেত্রেই তা যেন তাদের এবং তাদের পরিবারের জন্য একটি মুক্ত ও সম্মানজনক জীবনযাপন নিশ্চিত করার জন্য যথেষ্ট হয়। আইন দ্বারা সর্বাধিক কাজের দিনের সংখ্যা নির্ধারিত রয়েছে। কর্মীদের একটি সাপ্তাহিক বিশ্রামের দিন এবং সবেতন বার্ষিক ছুটি পাওয়ার অধিকার রয়েছে। তারা অধিকারটি ছেড়ে দিতে পারেন না।

অনুচ্ছেদ 37

মহিলা কর্মীদের, পুরুষ কর্মীদের মত একই অধিকার এবং সমান কাজের জন্য একই বেতন পাওয়ার অধিকার রয়েছে। কাজের অবস্থা এরকম হবে যাতে, মহিলারা অবশ্যই তাদের অবশ্যপ্রয়োজনীয় পারিবারিক ভূমিকা পালন করতে পারেন এবং মা ও শিশুর জন্য বিশেষ যথাযথ সুরক্ষা নিশ্চিত করতে পারেন। আইনে সবেতন শ্রম দেওয়ার জন্য সবিলম্ব বয়স নির্ধারিত রয়েছে। প্রজাতন্ত্র বিশেষ সুযোগবলে ছোটদের কাজ করাকে সুরক্ষিত রাখে এবং সমপরিমাণ কাজের জন্য সমান অর্থ পাওয়ার অধিকার নিশ্চিত করে।

অনুচ্ছেদ 38

কাজ করতে অক্ষম এবং বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় উৎসাহীন, এরকম প্রত্যেকের সামাজিক রক্ষণাবেক্ষণ ও সহায়তা পাওয়ার অধিকার আছে। দুর্ঘটনা, অসুস্থতা, অক্ষমতা ও বৃদ্ধ অক্ষমতা বা অসংশোধনীয় শাস্তির ফলাফল হিসাবে বা নৈতিক মূল্যবোধহীনতার ক্ষেত্রগুলি বাদে ভোটাধিকারে বাধা দেওয়া যাবে না।

অনুচ্ছেদ 39

বাধ্যহীনভাবে ট্রেড ইউনিয়ন সংস্থাগুলি করা যাবে। আইনে প্রদত্ত ধারাগুলি অনুসারে, স্থানীয় ও কেন্দ্রীয় অফিসগুলিতে রেজিস্ট্রেশন বাদে ট্রেড ইউনিয়নগুলির ওপর অন্য কোন বাধ্যবাধকতা আরোপ করা যাবে না। রেজিস্ট্রেশন করার একটি শর্ত হল, ট্রেড ইউনিয়নের নিয়মগুলির ক্ষেত্রে অভ্যন্তরীণ সংস্থাটির গণতান্ত্রিক ভিত্তিকে নিশ্চিত করতে হবে। রেজিস্টার্ড ট্রেড ইউনিয়নগুলি হল আইনসম্মত ব্যক্তি। তারা তাদের সংখ্যার অনুপাতে একটি প্রতিনিধি ইউনিটের মাধ্যমে, সম্মিলিত শ্রম চুক্তিতে যোগ দিতে পারে যা চুক্তিতে উল্লেখকৃত শ্রেণীর অন্তর্গত সমস্ত ব্যক্তিদের জন্য একটা আবদ্ধীকরণ প্রভাব ফেলবে।

অনুচ্ছেদ 40

শিল্পক্ষেত্রে কর্মধারাগুলি, এর নিয়ন্ত্রণকারী আইন অনুসারে করতে হবে।

অনুচ্ছেদ 41

মুক্তভাবে বেসরকারী আর্থিক উদ্যোগ নেওয়া যাবে। জনগণের মঙ্গলের বিরোধী হলে বা নিরাপত্তা, স্বাধীনতা, এবং মানুষের মর্যাদার ক্ষতি করে তা করা যাবে না। আইন যথাযথ পরিকল্পনা এবং নিয়ন্ত্রণগুলি নির্ধারণ করে, যাতে সরকারী ও বেসরকারী আর্থিক কার্যক্রমগুলিকে নির্দেশনা দেওয়া যায় এবং সামাজিক উদ্দেশ্যগুলির সাথে সমন্বয় সাধন করা যায়।

অনুচ্ছেদ 42

সম্পত্তি সরকারী বা ব্যক্তিগত হতে পারে। আর্থিক জিনিসগুলি রাষ্ট্রের, সংস্থাগুলির বা ব্যক্তির হয়ে থাকে। ব্যক্তিগত সম্পত্তিগুলিকে স্বীকার করা হয় এবং আইনবলে তার নিশ্চয়তা দেওয়া হয়, যেখানে এর সামাজিক কার্যকারিতা এবং সবার কাছে এটিকে উপলব্ধ করা নিশ্চিত করার জন্য কিভাবে এটিকে আয়ত করা হয়, ভোগ করা হয়, এবং এর সীমাগুলি প্রস্তাবিত রয়েছে। ব্যক্তিগত সম্পত্তিকে জনগণের মঙ্গলের কারণে অধিগ্রহণ করা যেতে পারে, তবে এসব ক্ষেত্রগুলিতে আইন অনুসরণ করতে হবে এবং ক্ষতিপূরণের ধারাগুলি পূরণ করতে হবে। আইন দ্বারা বিধিবদ্ধ ও মনোনয়নমূলক উত্তরাধিকারের নিয়ম ও সীমাগুলি এবং উত্তরাধিকারের প্রশ্নে রাষ্ট্রের অধিকারগুলি নির্ধারণ করা আছে।

অনুচ্ছেদ 43

সাধারণ হিতের প্রয়োজনে আইন অনুযায়ী, অধিকরণ ও ক্ষতিপূরণ প্রদানের মাধ্যমে রাষ্ট্রকে, সরকারী সংস্থাকে বা কর্মী সম্প্রদায়কে বা ব্যবহারকারীদের, বিশেষ উদ্যোগকে বা উদ্যোগের শ্রেণীগুলিকে যেগুলি অবশ্য প্রয়োজনীয় জন পরিষেবা বা শক্তি বা একচেটিয়ামূলক পরিস্থিতির সঙ্গে সম্পর্কিত এবং যেগুলির ক্ষেত্রে প্রাথমিক সাধারণ স্বার্থ যুক্ত রয়েছে, সেই ক্ষেত্রগুলিতে সুরা থেকে সংরক্ষণ করা বা স্থানান্তর করা যাবে।

অনুচ্ছেদ 44

জমির একটি যুক্তিগ্রাহ্য ক্ষতি থেকে সুরক্ষিত করার কারণে এবং সামাজিক সম্পর্কগুলিতে সমতা স্থাপনের উদ্দেশ্যে, আইন জমির ব্যক্তিগত মালিকালার উপর বাধ্যবাধকতা ও সীমা আরোপ করেছে, অঞ্চল ও কৃষি এলাকা অনুযায়ী পরিবর্তনের উপর সীমা আরোপ করেছে, জমি ফিরিয়ে আনা, বড় এস্টেটগুলির রূপ পরিবর্তন এবং উপাদানশীল ইউনিটগুলির পুনঃসংস্থারের ব্যাপারে উপসাহ দিচ্ছে এবং বাধ্য করেছে, ছোট ও মাঝারি আকারের সম্পত্তিগুলিকে সহায়তা করেছে। পাহাড়ী এলাকাগুলির সমর্থনে আইন ধারাগুলি রয়েছে।

অনুচ্ছেদ 45

প্রজাতন্ত্র পারস্পরিক প্রকৃতির এবং ব্যক্তিগত স্বার্থ-রহিত সহযোগিতার সামাজিক কার্যকারিতাকে স্বীকার করে। আইন যথাযথ উপায়ের মাধ্যমে সেগুলিকে তুলে ধরে এবং উপসাহিত করে এবং যথাযথ নিয়ন্ত্রণের মাধ্যমে সেগুলির প্রকৃতি ও উদ্দেশ্যগুলিকে নিশ্চিত করে। হস্তশিল্পকে রক্ষা করা ও তুলে ধরার জন্য আইনে পদ্ধতিগুলো রয়েছে।

অনুচ্ছেদ 46

প্রমের ক্ষেত্রে আর্থিক উন্নয়নের ও সামাজিক উন্নতির উদ্দেশ্য নিয়ে এবং উপপাদনের সঙ্গে সাজুয়া বজায় রেখে, প্রজাতন্ত্র আইনে প্রতিষ্ঠিত উপায় ও সীমার মধ্যে থেকে, উদ্যোগগুলির পরিচালনায় কর্মীদের অধিকারগুলির সন্মিলনের স্বীকৃতি দেয়।

অনুচ্ছেদ 47

প্রজাতন্ত্র সমস্ত ধরনের সক্ষমকে উপসাহ দেয় এবং সুরক্ষা প্রদান করে; এটি স্বর্ণদানের প্রক্রিয়াকে শৃঙ্খলাবদ্ধ, সমন্বয়কৃত, এবং নিয়ন্ত্রণ করে। এটি আবাসনের মালিকানা, সরাসরি চাষের জমিতে, পরোক্ষভাবে দেশের বড় উপপাদন কমপ্লেক্সগুলির অংশীদারীতে বিনিয়োগে জনপ্রিয় সক্ষমগুলি গ্রহণে উপসাহ দেয়।

পিরোনাম 4**রাজনৈতিক অধিকার****অনুচ্ছেদ 48**

সমস্ত নাগরিক, পুরুষ বা মহিলা, যারা প্রাপ্তবয়স্ক হয়েছেন, তারা হলেন নির্বাচক। ভোটটি হল ব্যক্তিগত ও সমান, মুক্ত এবং গোপনীয়। এই কাজটি করা একটি গণ দায়িত্ব, অ্যাক্ট অফ পার্লামেন্ট এই শর্ত ও পদ্ধতিগুলি নির্ধারণ করবে যার মাধ্যমে প্রবাসী ইতালীয় নাগরিকরা ইতালীয় নির্বাচনে তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন এবং যেটি এর কার্যকারিতার নিশ্চয়তা দেবে। এই কারণে একটি “বিদেশী আসন” তৈরী করতে হবে যেখানে সংসদের উভয় ভবনের সদস্যরা নির্বাচিত হবেন। একটি সাংবিধানিক আইন অনুসারে আসনের সংখ্যা নির্ধারণ করা হবে এবং অ্যাক্ট অফ পার্লামেন্ট প্রণীত শর্তগুলি অনুসরণ করতে হবে। আইনে প্রণীত ধারা অনুযায়ী, সাধারণ অক্ষমতা বা অসংশোধনীয় শাস্তির ফলাফল হিসাবে বা নৈতিক মূল্যবোধহীনতার ক্ষেত্রগুলি বাদে ভোটাধিকারে বাধা দেওয়া যাবে না।

অনুচ্ছেদ 49

সমস্ত নাগরিকদের মুক্তভাবে দলগুলির সাথে যুক্ত হওয়ার অধিকার রয়েছে যাতে তারা জাতীয় নীতিগুলি নির্ধারণের জন্য গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে অবদান রাখতে পারেন।

অনুচ্ছেদ 50

সমস্ত নাগরিকরা আইনী পদক্ষেপ নেওয়ার অনুরোধ করে বা সম্মিলিত প্রয়োজন প্রকাশ করে উভয় কক্ষে আবেদন পেশ করতে পারেন।

অনুচ্ছেদ 51

আইনে প্রদত্ত শর্ত অনুযায়ী, সমস্ত নাগরিকরা একই রকম পরিস্থিতিতে লিঙ্গ নির্বিশেষে সরকারী দপ্তরের জন্য এবং নির্বাচিত পদগুলির জন্য যোগ্য। এই উদ্দেশ্যে প্রজাতন্ত্র নারী ও পুরুষের জন্য সমান সুযোগের বিকাশের লক্ষ্যে নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করে থাকে। আইন, প্রজাতন্ত্রের অধিবাসী নয় এরকম ইতালীয়দের, সরকারী অফিস ও নির্বাচিত পদ গ্রহণের জন্য নাগরিকদের মত সমান অধিকার মঞ্জুর করতে পারে। একটি নির্বাচিত সরকারী দপ্তরের দায়িত্ব পালনের জন্য যাকেই ডাকা হোক, তার সেই কাজ সম্পাদন করার জন্য প্রয়োজনীয় সময় এবং তার কাজের জায়গা সংরক্ষণের অধিকার থাকবে।

অনুচ্ছেদ 52

পিতৃত্বমি রক্ষা করা প্রতিটি নাগরিকের পবিত্র দায়িত্ব। আইনে নির্ধারিত সীমা ও উপায়ের মধ্যে সামরিক সার্ভিস বাধ্যতামূলক। এর পরিসূরণ একজন নাগরিকের কাজ যা রাজনৈতিক অধিকার পালনের প্রতি পক্ষপাত করবে না। সশস্ত্র বাহিনীর নিয়ম-কানুন প্রজাতন্ত্রের গণতান্ত্রিক ভাবধারার উপর ভিত্তি করে তৈরী করা হয়েছে।

অনুচ্ছেদ 53

সরকারী ব্যয়ে প্রত্যেকে তার সামর্থ অনুযায়ী অবদান রাখবেন। প্রগতির মাপকাঠির ওপর ভিত্তি করে কর ব্যবস্থাটি তৈরী করা হবে।

অনুচ্ছেদ 54

সমস্ত নাগরিকদের দায়িত্ব হল প্রজাতন্ত্রের অনুগত থাকা এবং এর সংবিধান ও আইনকে রক্ষা করা। যেসব নাগরিকদের ওপর সরকারী কর্মকান্ডের ভার ন্যস্ত করা হয়েছে, তাদের কর্তব্য হল আইনে প্রণীত ধারাগুলি অনুযায়ী, শপথগ্রহণ করে শৃঙ্খলা ও সম্মানের সাথে এই কর্মকান্ডগুলিকে সম্পূর্ণ করা।

বিভাগ II
গণতান্ত্রিক শাসননীতি
শিরোনাম।
সংসদ
সেকশন।
পরিষদ

অনুচ্ছেদ 55

প্রতিনিধি পরিষদ এবং প্রজাতন্ত্রের সেনেট নিয়ে সংসদ গঠিত হয়।
কেবলমাত্র সংবিধান দ্বারা নির্ধারিত ক্ষেত্রেই সংসদের যৌথ অধিবেশন ডাকা হয়।

অনুচ্ছেদ 56

সার্বজনীন ও সরাসরি মতদান দ্বারা প্রতিনিধি পরিষদ নির্বাচন করা হয়।
প্রতিনিধির সংখ্যা ছশো ত্রিশ জন, যার মধ্যে বারোজনকে প্রবাসী ইতালীয়দের সংবিধান দ্বারা নির্বাচিত করা হয়।
মতদানের দিন পঁচিশ বছর বয়স পূর্ণ হয়েছে এমন যাবতীয় মতদাতাই প্রতিনিধিপদের যোগ্য।
প্রবাসী ইতালীয়দের জন্য নির্দিষ্ট আসনসংখ্যা বাদ দিয়ে, নির্বাচনকেন্দ্রগুলির আসনসংখ্যা নিরূপণের জন্য বিগত জনগণনার ফলাফলকে ছশো আঠেরো দিয়ে ভাগ করা হয়, এবং ভাগফল ও সর্বোচ্চ ভাগশেষের উপর ভিত্তি করে প্রতিটি নির্বাচনকেন্দ্রের জনসংখ্যার অনুপাতে আসনগুলি বন্টন করা হয়।

অনুচ্ছেদ 57

প্রজাতন্ত্রের সেনেট আঞ্চলিক ভিত্তিতে নির্বাচিত হয়।
ভিত্তিশে পনেরোজন সেনেটর নির্বাচিত করা হয়, যার মধ্যে ছয়জনকে প্রবাসী ইতালীয়দের সংবিধান দ্বারা নির্বাচিত করা হয়।
প্রতি অঞ্চলে সেনেটরের সংখ্যা কমপক্ষে সাত হতে হবে; মলিসেতে দুজন আছেন এবং আওস্তা উপত্যকায় একজন।
প্রবাসী ইতালীয়দের জন্য নির্দিষ্ট আসনসংখ্যা বাদ দিয়ে, পূর্ববর্তী অনুচ্ছেদে উল্লিখিত বিন্যাসের অনুরূপে অঞ্চলগুলির জনসংখ্যার অনুপাতে বিগত জনগণনার ফলাফলের ভাগফল ও সর্বোচ্চ ভাগশেষের উপর ভিত্তি করে অঞ্চলগুলির আসনসংখ্যা নিরূপণ ও বন্টন করা হয়।

অনুচ্ছেদ 58

পঁচিশ বছর পূর্ণ হয়েছে এমন মতদাতারা সার্বজনীন ও সরাসরি মতদান দ্বারা সেনেটর নির্বাচিত করেন।
চল্লিশ বছর পূর্ণ হয়েছে এমন সকল মতদাতা সেনেটর পদের যোগ্য।

অনুচ্ছেদ 59

কেউ একবার প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি হলে তিনি নিজে থেকে অধিকার ত্যাগ না করলে আইন অনুযায়ী আজীবন সেনেটর থাকবেন।
প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি আজীবন সেনেটর পদের জন্য পাঁচজন এমন নাগরিকের নাম প্রস্তাব করতে পারেন যারা সমাজ, বিজ্ঞান, শিল্প ও সাহিত্যের ক্ষেত্রে দেশকে গৌরবোজ্জ্বল করেছেন।

অনুচ্ছেদ 60

প্রতিনিধি পরিষদ ও প্রজাতন্ত্রের সেনেট পাঁচ বছরের জন্য নির্বাচিত হয়।
আইনি হস্তক্ষেপ এবং যুদ্ধ ছাড়া কোনো সদনের মেয়াদ বাড়ানো যাবে না।

অনুচ্ছেদ 61

সদন ভঙ্গ হবার সত্তর দিনের মধ্যে নতুন সদনের নির্বাচন হতে হবে। প্রথম অধিবেশনের জন্য নির্বাচনের দিন থেকে কুড়ি দিনের বেশি দেরি করা যাবে না।
নতুন সদনের অধিবেশন না হওয়া পর্যন্ত পূর্ববর্তী সদনের ক্ষমতা বজায় থাকবে।

অনুচ্ছেদ 62

ছুটির দিন ছেড়ে ফেব্রুয়ারি ও অক্টোবরের প্রথম দিনে অধিবেশন আরম্ভ হয়।
সদনের অধ্যক্ষ, প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি বা সদনের এক-তৃতীয়াংশ সদস্যের উদ্যোগে বিশেষ অধিবেশন ডাকা যাবে।
একটি সদনের বিশেষ অধিবেশন বসলে আইন অনুযায়ী অন্য সদনটিও সমবেত হয়।

অনুচ্ছেদ 63

প্রতিটি সদনের সদস্যদের মধ্যে থেকে অধ্যক্ষ এবং অধ্যক্ষের দপ্তরের সদস্যমণ্ডলী নির্বাচন করা হয়।
সংসদের যৌথ অধিবেশনে প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ এবং অধ্যক্ষের দপ্তরের সদস্যমণ্ডলী পৌরোহিত্য করেন।

অনুচ্ছেদ 64

প্রতিটি সদন তার সদস্যদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা দ্বারা অনুমোদিত নিয়মাবলী গ্রহণ করে।
অধিবেশনগুলি প্রকাশ্য হয়ে থাকে, তবে সদনগুলি বা যৌথ অধিবেশন চলাকালীন সংসদ গোপন অধিবেশনের সিদ্ধান্ত নিতে পারে।

উভয় সদন ও সংসদের সিদ্ধান্তগুলি সদস্যদের সংখ্যাগরিষ্ঠ উপস্থিতি ব্যতিরেকে তথা সংখ্যাগরিষ্ঠ উপস্থিতি ব্যতিরেকে গৃহীত হলে বৈধ হবে না, যদি না সংবিধান বিশেষ সংখ্যাগরিষ্ঠতা অনুমোদন করে।

সরকারের সদস্যরা, সদনের সদস্য না হলেও অধিবেশনে উপস্থিত থাকার ও প্রয়োজনে সাহায্য করার অধিকারী। তাঁদের অনুরোধ শোনা বাধ্যতামূলক।

অনুচ্ছেদ 65

প্রতিনিধি বা সেনেটর পদের অযোগ্যতা বা অক্ষমতা আইন দ্বারা নির্দিষ্ট।
একই সঙ্গে কেউ উভয় সদনের সদস্য থাকতে পারেন না।

অনুচ্ছেদ 66

সদনগুলি তাদের নিজস্ব সদস্যদের নির্বাচনযোগ্যতা সম্বন্ধে এবং অযোগ্যতা বা অক্ষমতার ঘটনা সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করে।

অনুচ্ছেদ 67

সংসদের সদস্যরা দেশের প্রতিনিধিত্ব করেন এবং কোনোরকম বাধ্যতা ছাড়াই নিজেদের ভূমিকা পালন করেন।

অনুচ্ছেদ 68

কার্যভার সম্পাদনকালে ব্যক্ত মতামত ও প্রদত্ত ভোটের জন্য সংসদের সদস্যদের কাছ থেকে কৈফিয়ত দাবি করা চলবে না।
সদনের অগ্রিম অনুমতি ছাড়া কোনো সাংসদের শরীর বা বাসস্থানের খানাতল্লাশি করা, গ্রেফতার বা অন্য কোনো ভাবে ব্যক্তিস্বাধীনতার হানি করা, বা বিনা বিচারে আটক রাখা যাবে না যদি না তিনি প্রত্যাহার অসাধ্য রূপে অপরাধী প্রতিপন্ন হন অথবা এমন কোনো দুষ্কর্ম করতে গিয়ে ধরা পড়েন যার জন্য গ্রেফতারি বাধ্যতামূলক।
সাংসদের কথাবার্তা বা তথ্য কোনো রকম বাধ্যতামূলক হস্তক্ষেপ এবং তাদের চিঠিপত্র ও ডাক আটক করার ক্ষেত্রেও একি ধরনের অনুমতি প্রয়োজন।

অনুচ্ছেদ 69

সাংসদরা আইন দ্বারা নির্দিষ্ট একটি ভাতা পেয়ে থাকেন।

বিভাগ 2**আইন প্রণয়ন****অনুচ্ছেদ 70**

আইনপ্রণয়নের ক্ষমতা সদনগুলি দ্বারা যৌথভাবে ব্যবহৃত হয়।

অনুচ্ছেদ 71

আইন প্রবর্তনের অধিকার সরকার, সদনের প্রত্যেক সদস্য এবং সাংবিধানিক আইন দ্বারা নির্দিষ্ট গোষ্ঠী ও মাধ্যমের হাতে ন্যস্ত।

জনগণ অন্ততঃ পাঁচ লক্ষ মতদাতার সমর্থনপ্রাপ্ত কোনো প্রকল্পের খসড়া প্রস্তাব পেশ করে আইন প্রবর্তনের অধিকার খাটাতে পারেন।

অনুচ্ছেদ 72

বিধিনিয়ম অনুসারে সদনগুলিতে প্রস্তাবিত প্রতিটি খসড়া আইন একটি সমিতি কর্তৃক পরীক্ষিত হয় এবং তারপরে সংশ্লিষ্ট সদন দ্বারা অনুচ্ছেদ পরম্পরায় ও একটি চূড়ান্ত ভোটের সাহায্যে গৃহীত হয়।

জবুরি খসড়া আইনের ক্ষেত্রে সংশ্লিষ্ট পদ্ধতি বিধিনিয়ম দ্বারা অনুমোদিত।

কখন এবং কিভাবে খসড়া আইন পরীক্ষা ও অনুমোদনের ভার সমিতিকে অর্পণ করা হবে, যার মধ্যে স্থায়ী সমিতিও আছে, যা সংসদের সংশ্লিষ্ট গোষ্ঠীগুলির আয়তনের অনুপাতে গঠিত, তাও বিধিনিয়ম দ্বারা নির্ধারিত হবে। সেই ক্ষেত্রে আবার সরকার, সদনের এক-দশমাংশ সদস্য বা পরিষদের এক পঞ্চমাংশ দাবি করলে পূর্ণ সদনের কাছে খসড়া আইনটি পেশ করতে হবে বা

আগে শুধু মতাদানের কথা হয়ে থাকলে চূড়ান্ত মতাদানের জন্য সমিতির কাছে পেশ করতে হবে। সমিতির বিবেচনা কিতাবে জনসাধারণে প্রকাশিত হবে তা বিধিনিয়ম দ্বারা নির্ধারিত হবে। সদন দ্বারা সাংবিধানিক ও নির্বাচন ও আইনি ক্ষমতার প্রতিনিধিত্ব অর্পণ, আন্তর্জাতিক চুক্তির অনুমোদন এবং বাজেট ও নিরীক্ষার অনুমোদন সংক্রান্ত খসড়া আইন বিবেচনা ও অনুমোদনের ক্ষেত্রে সবসময়েই সাধারণ পদ্ধতি অবলম্বন করা হয়।

অনুচ্ছেদ 73

অনুমোদনের এক মাসের মধ্যে আইনগুলি প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি দ্বারা জনসাধারণের কাছে প্রচারিত হয়। যদি কোনো সদন তার সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মত অনুসারে কোনো খসড়া আইনকে জরুরি বলে ঘোষণা করে তবে বিলে নির্ধারিত সময়ের মধ্যেই সেটিকে প্রচারিত করতে হবে। আইনগুলি প্রচারের অব্যবহিত পরেই প্রকাশিত হয় এবং প্রকাশের পনেরো দিন পর থেকে লাগু হয়, যদি না আইনগুলিতে অন্য সময় নির্ধারিত করা থাকে।

অনুচ্ছেদ 74

আইটা ঘোষণা করার আগে প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি কারণ দর্শিয়ে পুনর্বিবেচনার জন্য সদন বার্তা পাঠাতে পারেন। সদনগুলি যদি পুনরায় আইনটি মঞ্জুর করে তবে সেটিকে প্রচারিত করভেই হবে।

অনুচ্ছেদ 75

পাঁচ লক্ষ মতদাতা বা পাঁচটি আঞ্চলিক পরিষদের অনুরোধে একটি আইন বা আইনি ধারার সম্পূর্ণ বা আংশিক রদের বিষয় গণভোটে দ্বারা নির্ধারিত হয়। কর বা বাজেট সংক্রান্ত আই, রাজস্ব বা মার্জনা, আন্তর্জাতিক চুক্তি অনুমোদনের ক্ষেত্রে গণভোটে অনুমোদিত নয়। সদনের সদস্য নির্বাচন করার জন্য গণভোটে অংশগ্রহণের অধিকার আছে। যদি সংখ্যাগরিষ্ঠ ব্যক্তিগত অংশগ্রহণ করে থাকেন ও প্রস্তাবটি বৈধ মতের সংখ্যাগরিষ্ঠ ভাগ পেয়ে থাকে তা হলে গণভোটে সফল মনে করা হয়। আইন গণভোটের নিয়মকালুন নির্ধারণ করে।

অনুচ্ছেদ 76

সরকারকে আইনি তুমিকা পালনকে ক্ষমতা দেওয়া যাবে না যদি না সংসদ সেই বিষয়ে নীতি ও পথনির্দেশ নির্ধারণ করে দেয় এবং তা কেবল মাত্র নির্দিষ্ট বিষয় ও সীমিত সময়ের জন্য।

অনুচ্ছেদ 77

সরকার সদনগুলির অনুমোদন ছাড়া আইনি অধিকারযুক্ত অনুশাসন জারি করতে পারে না। বিশেষ ক্ষেত্রে প্রয়োজন ও স্বরিত অবস্থার কারণে সরকার নিজ দায়িত্বে শর্তসাপেক্ষে আইনি অনুশাসন জারি করে ও সেগুলিকে সেইদিনই অনুমোদনের জন্য সদনে পেশ করে এবং যদি সেই সময় সদনের বৈঠক না চলে তবে তা এই উদ্দেশ্যে পাঁচদিনের মধ্যে ডাকতে হয়। অনুশাসন জারি হবার ষাট দিনের মধ্যে আইনসিদ্ধতা প্রাপ্ত না হলে তাদের বৈধতা হারায়। . অবশ্য সদনগুলি সিদ্ধ না হওয়া অনুশাসন থেকে উদ্ধৃত অধিকার ও দায়িত্ব অনুমোদন করতে পারে।

অনুচ্ছেদ 78

সদনগুলি যুদ্ধঘোষণার সিদ্ধান্ত গ্রহণ করে ও সরকারকে প্রয়োজনীয় ক্ষমতা প্রদান করে।

অনুচ্ছেদ 79

রাজস্ব ও মার্জনা একটি আইন দ্বারা প্রদত্ত হতে পারে যেটি উভয় সদনের সদস্যবৃন্দ দ্বারা অনুচ্ছেদ পরম্পরায় ও সম্পূর্ণভাবে দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় অনুমোদিত হতে হবে। রাজস্ব ও মার্জনা প্রদানকারী আইন প্রয়োগের সময়সীমা নির্ধারিত হতে হবে। আইন প্রণীত হয়ে যাওয়ার পরে ঘটিত অপরাধের ক্ষেত্রে কখনোই রাজস্ব ও মার্জনা প্রযোজ্য হতে পারে না।

অনুচ্ছেদ 80

সদনগুলি সেইসব আন্তর্জাতিক চুক্তিগুলি আইন দ্বারা অনুমোদন করে যেগুলি রাজনৈতিক স্বত্তাবের, শালিশি বা বিচারবিভাগীয় নিয়ন্ত্রণের বন্দোবস্ত করে, সীমানা নিয়ন্ত্রণের ইস্তিত দেয়, আর্থিক বোঝা চাপায়, বা আইন পরিমার্জনা করে।

অনুচ্ছেদ 81

প্রতি বছর সদনগুলি সরকারের পেশ করা বাজেট ও জমা-খরচের হিসাব অনুমোদন করে। বাজেট সাময়িক ভাবে লাগু করা যায় না যদি না তা আইন অনুমোদিত হয় এবং কখনোই চার মাসের বেশি সময় ধরে নয়।

বাজেট আইনে কোনো নতুন কর বা খরচ গ্রহণ করা যাবে না।
নতুন বা অতিরিক্ত খরচ সংক্রান্ত যাবতীয় আইনে সেগুলি মেটানোর উপায় বলা থাকতে হবে।

অনুচ্ছেদ 82

সদনগুলি জনস্বার্থ সংক্রান্ত বিষয়ে অনুসন্ধান চালু করতে পারে।
এই উদ্দেশ্যে সংসদের গোষ্ঠীর আয়তনের অনুপাতে সদস্য সংখ্যা সম্পন্ন একটি সমিতি গঠন করা হয়। অনুসন্ধান সমিতি বিচারবিভাগের অনুরূপ ক্ষমতা ও সীমাবদ্ধতা সমেত অনুসন্ধান ও পরীক্ষা চালায়।

পিরোনাম 2 প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি

অনুচ্ছেদ 83

রাষ্ট্রপতি সংসদের যৌথ অধিবেশনে সদস্যদের দ্বারা নির্বাচিত হন।
প্রতিটি আঞ্চলিক পরিষদ থেকে সংখ্যাগুরু প্রতিনিধিত্ব নিশ্চিত করে নির্বাচিত তিনজন করে প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহণ করেন। আওস্তা উপত্যকার মাত্র একজনই প্রতিনিধি আছেন।
রাষ্ট্রপতি নির্বাচন গোপন মতদানের মাধ্যমে সম্পাদিত হয় এবং এর জন্য সদনের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতা প্রয়োজন।
তৃতীয় মতদানের পর সদস্যদের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতাই যথেষ্ট।

অনুচ্ছেদ 84

পঞ্চাশ বছর বয়স পূর্ণ হয়েছে এমন যে কোনো পৌর ও রাজনৈতিক অধিকারসম্পন্ন নাগরিক প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি পদে নির্বাচিত হতে পারেন।
প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি পদের সঙ্গে একত্রে অন্য কোনো পদ গ্রহণ অসম্ভব।
রাষ্ট্রপতির পারিপ্রমিক ও ভাতা আইন দ্বারা নির্ধারিত।

অনুচ্ছেদ 85

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি সাত বছরের জন্য নির্বাচিত হন।
নতুন রাষ্ট্রপতি নির্বাচনের জন্য মেয়াদ শেষ হবার ত্রিশ দিন আগে প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ আঞ্চলিক প্রতিনিধিবর্গ সহ সংসদের যৌথ অধিবেশন আহ্বান করেন।
যদি মেয়াদ শেষ হবার তিন মাসের মধ্যে সদনগুলি ভেঙে দেওয়া হয়, যে ক্ষেত্রে নতুন সদনগুলি তাদের প্রথম অধিবেশনের পনেরো দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচন করে। এই মধ্যবর্তী সময়কালে পূর্বতন রাষ্ট্রপতিই ক্ষমতায় থাকেন।

অনুচ্ছেদ 86

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি তাঁর কর্তব্য পালনে অক্ষম হলে সেনেটের অধ্যক্ষ সেগুলি সম্পাদন করেন।
রাষ্ট্রপতির স্বামী অক্ষমতা, মৃত্যু বা পদত্যাগের ক্ষেত্রে প্রতিনিধি পরিষদের অধ্যক্ষ পনেরো দিনের মধ্যে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের ঘোষণা করবেন, যদি না সদন ভেঙে যাওয়ার কারণে বা তিন মাসের মধ্যে তাদের মেয়াদ শেষ হয়ে আসার কারণে আরো বেশি সময়ের প্রয়োজন হয়।

অনুচ্ছেদ 87

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি রাষ্ট্রের প্রধান ব্যক্তি ও জাতীয় একতার প্রতিনিধিস্বরূপ।
তিনি সদনগুলির কাছে বার্তা পাঠাতে পারেন।
তিনি সংসদীয় নির্বাচন আহ্বান করেন ও তাদের প্রথম অধিবেশনের দিন স্থির করেন।
তিনি সরকারি আইন প্রবর্তন সদনে পেশ করা অনুমোদন করেন।
তিনি আইনগুলি ঘোষণা করেন এবং সরকারি অনুশাসন ও আইনি বিধি জারি করেন।
সংসদের প্রবিধান থাকলে তিনি গণভোটের ঘোষণা করেন।
আইন নির্ধারিত পথে তিনি রাষ্ট্রের আধিকারিকগণকে নিয়োগ করেন।
তিনি কূটনৈতিক প্রতিনিধিদের স্বীকৃতি প্রদান করেন ও অভ্যর্থনা করেন, সংসদ দ্বারা সমর্থিত আন্তর্জাতিক চুক্তি অনুমোদিত করেন, অবশ্য যদি সংসদের সমর্থন প্রয়োজন হয়।
তিনি সামরিক বাহিনীর অধিনায়ক, তিনি আইন অনুসারে গঠিত সর্বোচ্চ প্রতিরক্ষা পরিষদের সভাপতিত্ব করেন, তিনি সদনের সিদ্ধান্ত অনুসারে যুদ্ধ ঘোষণা করেন।
তিনি বিচারব্যবস্থার ঊর্ধ্বতন পরিষদের সভাপতির পদ অলঙ্কৃত করেন।
তিনি মার্জনা দান করতে ও শাস্তির গুরুত্ব কম করতে পারেন।
তিনি প্রজাতন্ত্রের সম্মানগুলি প্রদান করেন।

অনুচ্ছেদ ৪৪

রাষ্ট্রপতি সদনের অধ্যক্ষদের সঙ্গে আলোচনা করে একটি বা উভয় সদনই ভেঙে দিতে পারেন।

তার মেয়াদের শেষ ছয় মাসে তিনি এই অধিকার প্রয়োগ করতে পারেন না, যদি না তা সদনের মেয়াদের শেষ ছয় মাসের সঙ্গে অংশভঃ বা পূর্ণভঃ মিলে যায়।

অনুচ্ছেদ ৪৭

রাষ্ট্রপতি কর্তৃক জারি করা কোনো অধিনিয়মই বৈধ হবে না যতক্ষণ না সেটির জন্য দায়ী ও সেটি পেশ করা মন্ত্রী তাতে প্রতিস্বাক্ষর করেন।

আইনঘটিত ও আইন দ্বারা নির্দিষ্ট অধিনিয়মগুলিতেও প্রধানমন্ত্রীর প্রতিস্বাক্ষর থাকতে হবে।

অনুচ্ছেদ ৯০

রাষ্ট্রপতি তাঁর ভূমিকা পালন কালে সম্পাদিত কার্যকলাপের জন্য দায়ী নন, কেবল মাত্র গুরুতর রাষ্ট্রদ্রোহিতা বা সংবিধানের প্রতি অবমাননা ছাড়া।

সে ক্ষেত্রে তাঁকে সংসদের যৌথ অধিবেশনে সংখ্যাগরিষ্ঠ সদস্যবৃন্দ দ্বারা অভিযুক্ত করা হবে।

অনুচ্ছেদ ৯১

কার্যভার গ্রহণের আগে প্রজাতন্ত্রের রাষ্ট্রপতিকে সংসদের যৌথ অধিবেশনে প্রজাতন্ত্র ও সংবিধানের প্রতি আনুগত্যের শপথ গ্রহণ করতে হয়।

শিরোনাম ৩ শাসনতন্ত্র

বিভাগ ১ মন্ত্রীমণ্ডলী

অনুচ্ছেদ ৯২

প্রজাতন্ত্রের সরকার প্রধানমন্ত্রী ও মন্ত্রিসভার অন্যান্য সদস্যদের নিয়ে গঠিত।

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি প্রধানমন্ত্রীকে ও তাঁর সুপারিশক্রমে মন্ত্রিসভার সদস্যদের নিযুক্ত করেন।

অনুচ্ছেদ ৯৩

কার্যভার গ্রহণের আগে প্রধান মন্ত্রী ও মন্ত্রিসভার সদস্যদের প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি শপথবাক্য পাঠ করান।

অনুচ্ছেদ ৯৪

সরকারকে উভয় সদনের আস্থা লাভ করতে হবে।

সদনগুলি আস্থোত্তী এবং নাম ডাকার মাধ্যমে মতদান করে আস্থা প্রদান ও প্রত্যাহার করে।

নিযুক্তির দশ দিনের মধ্যে আস্থোত্তীনের জন্য সরকারকে উভয় সদনের সামনে উপস্থিত হতে হবে।

সরকারি কোনো প্রস্তাব সংসদের একটি বা উভয় সদন দ্বারা নাকচ হলে তা সরকারের পদত্যাগ দাবি করে না।

অন্যথা প্রস্তাবে সদনের অন্ততঃ দশ শতাংশ সদস্যের স্বাক্ষর থাকতে হবে এবং পেশ করার তিন দিন পর্যন্ত তার উপরে বিতর্ক চলবে না।

অনুচ্ছেদ ৯৫

প্রধানমন্ত্রী সরকার পরিচালনা করেন এবং তিনি সরকারের সাধারণ নীতির জন্য দায়ী থাকেন। তিনি মন্ত্রীদের কার্যকলাপের বিকাশ ও সামঞ্জস্য সাধন করে রাজনৈতিক এবং প্রশাসনিক নীতির সমন্বয় বজায় রাখেন।

মন্ত্রীগণ তাঁদের মন্ত্রিসভার কার্যকলাপের জন্য যৌথভাবে এবং স্ব স্ব মন্ত্রকের জন্য এককভাবে দায়ী।

প্রধান মন্ত্রীর ভূমিকা এবং মন্ত্রকগুলির সংখ্যা, দায়িত্ব ও বিন্যাস আইন দ্বারা নির্ধারিত হয়।

অনুচ্ছেদ ৯৬

প্রধানমন্ত্রী ও মন্ত্রীগণ তাঁদের পদে অধিষ্ঠিত না থাকলেও তাঁদের ভূমিকা নিষ্পাদন কালে সংঘটিত অন্যায়ের জন্য সাধারণ আদালতের অধীন, কেবলমাত্র সেইসব ক্ষেত্রে যা সাংবিধানিক আইন অনুযায়ী স্থাপিত বিধিনিয়ম অনুসারে সেনেট বা প্রতিনিধি পরিষদ কর্তৃক অনুমোদিত।

বিভাগ ২

লোকশাসন

অনুচ্ছেদ ৯৭

সরকারি প্রশাসনের বিন্যাস আইন অনুযায়ী সরকারি কর্মকাণ্ডের ন্যায়নিষ্ঠ ও যথাযথ পরিচালনা নিশ্চিত করে।

সরকারি কর্মীদের দক্ষতা, কর্তব্য ও দায়িত্বের ক্ষেত্রে সরকারি শাসননীতিতে নির্দিষ্ট করা থাকতে হবে।

আইনে অন্যথা না থাকলে সরকারি প্রশাসনে নিযুক্তি প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে হয়ে থাকে।

অনুচ্ছেদ 98

সরকারি আধিকারিকদের একমাত্র কর্তব্য দেশের সেবা।

সামসদগণ শুমুয়ে বরিস্ততার দ্বারাই পদোন্নতি অর্জন করতে পারবেন।

বিচারব্যবস্থার সদস্য, সক্রিয় কর্তব্যরত পেশাদার সৈনিক, আরক্ষাবাহিনীর কর্মী ও আধিকারিকবৃন্দ এবং বিদেশে নিযুক্ত রাষ্ট্রদূত এবং বাণিজ্যদূতগণের ক্ষেত্রে রাজনৈতিক দলের নথিভুক্ত সদস্য হওয়ার অধিকার আইন দ্বারা সীমাবদ্ধ থাকতে পারে।

বিভাগ 3
সহায়ক অঙ্গসমূহ

অনুচ্ছেদ 99

আইন দ্বারা নির্ধারিত রূপে, জাতীয় অর্থনীতি ও শ্রম পরিষদ তাদের সংখ্যাগত ও গুণগত গুরুত্বের উপর ভিত্তি করে বিভিন্ন বৃত্তির বিশেষজ্ঞ ও প্রতিনিধির সমন্বয়ে গঠিত।

পরিষদ সংসদ ও সরকারকে আইন দ্বারা নির্ধারিত বিষয় ও ভূমিকা সম্বন্ধে পরামর্শ প্রদান করে।

আইন দ্বারা নির্ধারিত নীতি অনুসারে ও সীমাবদ্ধতা বজায় রেখে পরিষদ আইন প্রণয়ন করতে পারে ও অর্থনৈতিক ও সামাজিক আইনে সহায়তা করতে পারে।

অনুচ্ছেদ 100

রাজ্য পরিষদ আইন ও প্রশাসনগত বিষয়ে পরামর্শ দান করে ও লোকশাসন পরিচালনায় ন্যায়নিষ্ঠতা নিশ্চিত করে।

রাজ্য নিরীক্ষক দফতর সরকারের উপর প্রতিবেদক নিয়ন্ত্রণ ও তৎপরবর্তী রাজ্য বাজেটের উপর নিয়ন্ত্রণ বজায় রাখে। আইন দ্বারা নির্ধারিত ঘটনা ও আকারে এটি রাজ্যের সেইসব অঙ্গগুলির আর্থিক নিয়ন্ত্রণে অংশগ্রহণ করে যেগুলিতে রাজ্য সাধারণতঃ সহায়তা করে থাকে। নিরীক্ষার ফলাফল সরাসরি সদনগুলিকে জানানো হয়।

আই সরকারি হস্তক্ষেপের হাত থেকে সদনদুটি ও তাদের সদস্যগণকে রক্ষা করে।

পিরোনাম 4**শাসকবর্গ****বিভাগ 1****বিচারব্যবস্থা****অনুচ্ছেদ 101**

বিচার জনগণের নামে প্রদত্ত হয়ে থাকে।

বিচারপতিগণ কেবলমাত্র আইনের অধীন।

অনুচ্ছেদ 102

বিচারবিভাগীয় ভূমিকা সর্বোত্তমভাবে বিচারবিভাগীয় সাংগঠনিক বিধিনিয়ম দ্বারা নিয়ন্ত্রিত সাধারণ আদালতগুলি দ্বারা পালিত হয়ে থাকে।

অসাধারণ বা বিশেষ বিচারপতি নিয়োগ করা যাবে না। সাধারণ আদালতের মধ্যই নির্দিষ্ট বিষয়ের জন্য বিশেষ বিভাগ স্থাপন করতে হবে, যতে বিচারব্যবস্থার অংশ নন এমন যোগ্য নাগরিকেরা অংশগ্রহণ করতে পারেন।

ন্যায়বন্টনে জনগণের সরাসরি অংশগ্রহণের ঘটনা ও প্রকার আইন দ্বারা নিয়ন্ত্রিত।

অনুচ্ছেদ 103

লোকশাসনের বিরুদ্ধে বৈধ দেওয়ানি দাবির ক্ষেত্রে ও আইন দ্বারা নির্ধারিত বিষয়ের ক্ষেত্রে রাজ্য পরিষদ ও অন্যান্য প্রশাসনিক আদালতগুলির প্রশাসনিক আইন ও দেওয়ানি আইন সংক্রান্ত এক্তিয়ার আছে।

সরকারি হিসাবরক্ষা ও আইন দ্বারা নির্দিষ্ট অন্যান্য বিষয়গুলি নিরীক্ষা আদালতের নিয়ন্ত্রণাধীন।

যুদ্ধের সময়ে আইন অনুসারে সামরিক আদালতগুলির শাসনক্ষমতা থাকে। শান্তির সৈথে তাদের এক্তিয়ার কেবলমাত্র সামরিক বাহিনীর সদস্যদের দ্বারা সংঘটিত সামরিক অপরাধের ক্ষেত্রে সীমাবদ্ধ।

অনুচ্ছেদ 104

বিচারব্যবস্থা সরকারের একটি স্বাধীনতা ও স্বাধীন শাখা যা অন্য কোনো বিভাগের অধীন নয়।

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি উচ্চ ন্যায্যধিকরণের সভাপতির কার্যভার বহন করবেন।

প্রথম রাষ্ট্রপতি ও মহাধিকরণের অভিশংসক আইনবলে সদস্য থাকবেন।

অন্যান্য সদস্যরা বিভিন্ন বিভাগের সাধারণ বিচারপতিদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় এবং সংসদের যৌথ অধিবেশনে এক-তৃতীয়াংশ বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক ও পনেরো বছর ব্যবসায়রত আইনজীবীদের দ্বারা নির্বাচিত হন।

সংসদ দ্বারা নির্বাচিত সদস্যদের মধ্যে থেকে পরিষদ একজন উপ-সভাপতি নির্বাচন করে।
পরিষদের নির্বাচিত সদস্যরা চার বছরের জন্য নির্বাচিত হন এবং সঙ্গে সঙ্গে পুনর্নির্বাচিত হতে পারেন না।
কার্যরত অবস্থায় তাঁদের আইন পেশাগত তালিকাভুক্তি, সংসদ বা আঞ্চলিক পরিষদের সদস্যপদ ধারণের অনুমতি নেই।

অনুচ্ছেদ 105

সাংগঠনিক আইন অনুসারে একমাত্র উচ্চ ন্যায়াধিকরণই বিচারকদের নিয়োগ, দায়িত্ব অর্পণ, বদলি, পদোন্নতি ও শাসনের অধিকারী।

অনুচ্ছেদ 106

প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে বিচারকপদে নিযুক্তি হয়ে থাকে।
একক বিচারপতিগণের ভূমিকা পালনের জন্য আইন সাম্মানিক বিচারপতিদের নিয়োগ, সম্ভবতঃ নির্বাচনের মাধ্যমে, অনুমোদন করতে পারে।
উচ্চ ন্যায়াধিকরণের প্রস্তাব অনুসারে বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক এবং পনেরো বছর ব্যবসায়রত ও উচ্চতর আদালতে অভ্যাসের জন্য নথিভুক্ত আইনজীবীদের উৎকৃষ্ট মেধাবলে বিশেষ অধিকারক্ষেত্রে মহাধিকরণের অধিকারীরা নিযুক্ত করা যাবে।

অনুচ্ছেদ 107

বিচারকদের পদ থেকে অপসারিত করা যাবে না। তাঁদের বরখাস্ত, নিগৃহীত বা অন্য অধিকারক্ষেত্রে বা ভূমিকায় বদলি করা যাবে না, যদি না তা সাংগঠনিক আইনসমূহ কারণ ও পক্ষসমর্থনের উপায় সমেত সর্বোচ্চ ন্যায়াধিকরণের সিদ্ধান্তক্রমে বা তাঁদের নিজেদের অনুরোধক্রমে হয়।
ন্যায়মন্ত্রী শাস্তিমূলক ব্যবস্থা আরম্ভ করতে পারেন।
বিচারপতিরা কেবলমাত্র কার্যভূমিকা দ্বারা পৃথকভাবে চিহ্নিত হতে পারেন।
সরকারি অভিশংসক সাংগঠনিক আইন দ্বারা নির্ধারিত প্রতিভূতি ভোগ করেন।

অনুচ্ছেদ 108

বিচারবিভাগ ও সকল বিচারবিভাগীয় কর্তৃপক্ষের সংগঠন আইন দ্বারা নির্ধারিত।
বিশেষ আদালতের বিচারপতিগণ, সেই সংক্রান্ত সরকারি অভিশংসক ও বিচারকর্মে সূত্র বিচারব্যবস্থার সঙ্গে অসম্পর্কিত ব্যক্তিদের স্বাধীনতা রক্ষা করতে আইন বাধ্য।

অনুচ্ছেদ 109

বিচারবিভাগীয় আরক্ষাবাহিনী সরাসরি বিচারবিভাগীয় কর্তৃপক্ষের শাসনাধীন।

অনুচ্ছেদ 110

সর্বোচ্চ ন্যায়াধিকরণের ক্ষমতা বিদ্যমান থাকা সত্ত্বেও বিচার পরিষেবার সংগঠন ও পরিচালনভার ন্যায়মন্ত্রীর হাতেই থাকে।

বিভাগ 2

অনুচ্ছেদ 111

আইন নির্ধারিত ন্যায়বিচারের মাধ্যমে বিচারব্যবস্থার প্রয়োগ হবে।
প্রতিটি মামলা স্বাধীন ও নিরপেক্ষ বিচারকের সামনে উভয় পক্ষের সমতা বজায় রেখে চালাতে হবে। আইন মামলা চলার সুক্লিসঙ্গত সময়সীমা নির্ধারণে বাধ্য।
আইন নিশ্চিত করে যে- কোজদারি মামলায় অভিযুক্তদের তাদের বিরুদ্ধে আনা অভিযোগের ধরণ ও কারণ সম্বন্ধে যথাসময় ও গোপন তথ্য জানানো হয়, তাদের আত্মপক্ষ সমর্থনের সময় ও ব্যবস্থা দেওয়া হয়, যারা তাদের বিরুদ্ধে সাক্ষ্য দেয় তাদের প্রশ্ন করার বা প্রশ্ন করানোর অধিকার থাকে, যারা তাদের পক্ষে সাক্ষ্য দেয় তাদের যেন ফরিয়াদীপক্ষের অনুরূপ ভাবে ডাকা ও জেরা করা হয়, আসামীর অনুরূপ কোলোরকম প্রমাণকে স্বীকৃতি দেওয়া হয়, অভিযুক্ত যদি মামলা পরিচালনার ভাষা বুঝতে বা বলতে না পারে তবে তাকে একজন দোভাষীর সাহায্য দেওয়া হয়।
কোজদারি মামলা জেরার ভিত্তিতে পরিচালিত হয়। স্বেচ্ছায় ও ইচ্ছাপ্রণোদিতভাবে বিরোধীপক্ষের জেরা এড়িয়ে যাওয়া সাক্ষীর এজাহারের ভিত্তিতে আসামী অপরাধী প্রমাণিত হবে না।
কোন কোন ক্ষেত্রে জেরা ব্যতিরেকেই অপরাধ প্রমাণিত হবে, হয় আসামীর সম্মতিক্রমে বা সত্যতা নিরূপণ অসম্ভব হওয়ার দরুন অথবা প্রমাণিত দুষ্কর্মের ইতিহাসের কারণে তা আইন দ্বারা নির্ধারিত হবে।
যাবতীয় বিচারসংক্রান্ত সিদ্ধান্তের কারণ জ্ঞাত হতে হবে।
সাধারণ বা বিশেষ আদালতের যে দণ্ডদেশ বা বিধান ব্যক্তিগত স্বাধীনতা ক্ষুণ্ণ করে তার বিরুদ্ধে উচ্চতম ন্যায়ালয়ে সর্বদাই আইন ভঙ্গের অভিযোগ আনা যাবে। কেবলমাত্র যুদ্ধের সময় সামরিক আদালত কর্তৃক প্রদত্ত দণ্ডদেশের ক্ষেত্রেই এই শর্ত প্রযোজ্য হবে না।

রাজ্য পরিষদ ও নিরীক্ষা দফতরের গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে উচ্চতম ন্যায়ালয়ে আনীত অভিযোগ কেবলমাত্র বিচারব্যবস্থার ক্ষেত্রে গ্রহণীয়।

অনুচ্ছেদ 112

ফৌজদারি মামলা রুজু করার দায়িত্ব সরকারি উকিলের।

অনুচ্ছেদ 113

লোকশাসন দ্বারা সাধারণ বা প্রশাসনিক আদালতে গৃহীত সিদ্ধান্তের বিরুদ্ধে দেওয়ানি বা প্রশাসনিক আইনবলে আত্ম অধিকার রক্ষার জন্য আইনি ব্যবস্থা গ্রহণ সর্বদাই সমর্থিত।

এই ধরনের আইনি সুরক্ষা নির্দিষ্ট ব্যবস্থা বা দাবির জন্য সীমাবদ্ধ বা বর্জিত করা যাবে না।

বিচারব্যবস্থার কোন অঙ্গ কোন ক্ষেত্রে ও কোন ফলসমতে লোকশাসনের সিদ্ধান্ত বাতিল করতে পারে তা আইন স্থির করবে।

পিরোনাম 5

অঞ্চল, প্রদেশ ও সম্বন্ধ

অনুচ্ছেদ 114

প্রজাতন্ত্রটি পৌরসম্বন্ধ, প্রদেশ, মহানগরী, অঞ্চল ও রাজ্য নিয়ে গঠিত।

পৌরসম্বন্ধ, প্রদেশ, মহানগরী ও অঞ্চলগুলি তাদের নিজস্ব সংবিধান নির্ধারিত সংবিধি, ক্ষমতা ও ভূমিকা সম্পন্ন স্বায়ত্তশাসিত সত্তা।

রোমা(রোম)এই প্রজাতন্ত্রের রাজধানী। এটি রাজ্য আইনের অধীন।

অনুচ্ছেদ 115

অনুচ্ছেদ 9 -এর ধারা 2 অনুসারে 18 অক্টোবর 2001, টাকা 3 দ্বারা সাংবিধানিক আইন থেকে বিলোপ করা হয়েছে।

অনুচ্ছেদ 116

সংবিধান অনুমোদিত বিশেষ স্থিতির কারণে ক্রিউলি-ভেনেতসিয়া-জিউলিয়া, সার্দেনিয়া, সিচিলিয়া, দক্ষিণ ত্রেস্তিনো এবং আওস্তা উপত্যকা নির্দিষ্ট ধরণ ও আকারের স্বায়ত্তশাসন উপভোগ করে।

দক্ষিণ ত্রেস্তিনো অঞ্চলটি দুটি স্বায়ত্তশাসিত প্রদেশ যথা ত্রেস্তা এবং বোলৎসানো নিয়ে গঠিত।

সংশ্লিষ্ট অঞ্চলের উদ্যোগে স্থানীয় প্রশাসনের সঙ্গে পরামর্শক্রমে রাজ্য আইন অন্যান্য অঞ্চলকেও অনুচ্ছেদ 119এর নীতি অনুসারে অতিরিক্ত বিশেষ আকার ও শর্তের স্বায়ত্তশাসন প্রদান করতে পারে, যে আকার ও শর্তগুলি অনুচ্ছেদ 117র বিষয়বস্তু সংক্রান্ত হবে এবং একই অনুচ্ছেদের 2নং খতির। - কেবল জাস্টিস অফ পীসের দফতর গঠন সম্বন্ধে -n) ও s)- বিষয়ক হবে। আইনের রাজ্য ও সংশ্লিষ্ট অঞ্চলের মধ্যে একটি চুক্তির ভিত্তিতে সদনের সংখ্যাগরিষ্ঠ সদস্যের অনুমোদনের প্রয়োজন।

অনুচ্ছেদ 117

আইনি ক্ষমতার প্রয়োগ সংবিধান অনুসারে রাজ্য ও অঞ্চলের হাতে ন্যস্ত, ও জনাদেশ এবং আন্তর্জাতিক দায়বদ্ধতার সীমায় আবদ্ধ।

নিম্নলিখিত ক্ষেত্রগুলিতে রাজ্যের হাতে একচেটিয়া আইনি অধিকার আছে:

- বিশেষ নীতি ও রাজ্যের আন্তর্জাতিক সম্পর্ক, ইউরোপীয় সম্বন্ধের সঙ্গে রাজ্যের সম্পর্ক, আগ্রহগ্রহণের অধিকার ও ইউরোপীয় সম্বন্ধ বহির্ভূত রাজ্যগুলির নাগরিকদের আইনি স্থিতি ;
- অভিবাসন ;
- রাষ্ট্র ও ধার্মিক সংগঠনের সম্পর্ক
- প্রতিরক্ষা ও সামরিক বাহিনী ; রাজ্যের নিরাপত্তা; অস্ত্র, গোলাবারুদ ও বিস্ফোরক;
- অর্থ, স্বাস্থ্য সুরক্ষা, আর্থিক বাজার; প্রতিযোগিতার সুরক্ষা, অর্থ ব্যবস্থা; রাজ্য কর ব্যবস্থা ও হিসাব; আঞ্চলিক আর্থিক সঙ্গতির সামান্যকরণ;
- রাজ্যের অঙ্গসমূহ ও তাদের নির্বাচনী আইন; রাজ্য গণভোট; ইউরোপীয় সংসদের নির্বাচন;
- রাজ্য ও জাতীয় সরকারি গোষ্ঠীগুলির গঠন ও পরিচালন;
- আইন শৃঙ্খলা ও নিরাপত্তা, স্থানীয় প্রশাসনিক আরক্ষাবাহিনী ছাড়া;
- নাগরিকত্ব, ব্যক্তিগত স্থিতির পঞ্জীকরণ ও বসবাসের পঞ্জীকরণ;
- বিচারব্যবস্থা ও প্রণালীগত আইন; দেওয়ানি ও ফৌজদারি আইন, প্রশাসনিক ন্যায়মীর্ষ;
- সমগ্র জাতীয় এলাকায় দেওয়ানি ও সামাজিক অধিকার সংক্রান্ত বাধ্যতামূলক মৌলিক হিতসাধনের মান নিরূপণ;
- শিক্ষার সাধারণ নীতি;
- সামাজিক নিরাপত্তা ;

- p) নির্বাচনী আইন, স্থানীয় সরকার ও পৌরসম্ম, প্রদেশ ও মহানগরীর মৌলিক ভূমিকা;
- q) শুল্ক, জাতীয় সীমানার সুরক্ষা ও আন্তর্জাতিক প্রতিরোধক ব্যবস্থা;
- r) ওজন, মাপের একক ও সময়ের মানক, রাজ্য অঞ্চল ও স্থানীয় প্রশাসনের তথ্য ও পরিসংখ্যানের সামগ্র্য বিধান, বৌদ্ধিক সম্পত্তি;
- s) পরিবেশ, বায়ুসংস্থান ও সাংস্কৃতিক উত্তরাধিকারের রক্ষা।

নিম্নলিখিত বিষয়গুলির আইনি ক্ষমতা যৌথভাবে রাজ্য ও অঞ্চলের অধিকারগত: অঞ্চলগুলির আন্তর্জাতিক ও ইউরোপীয় সম্ম সংক্রান্ত সম্পর্ক, বৈদেশিক বাণিজ্য, প্রমিত সুরক্ষা ও নিরাপত্তা, শিক্ষা-বিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের স্থানান্তরিত উপরে হস্তক্ষেপ ব্যতীত এবং বৃত্তিমূলক শিক্ষা বাদে, পেশা, বৈজ্ঞানিক ও প্রযুক্তিগত গবেষণা এবং উৎপাদনশীল ক্ষেত্রে উদ্ভাবনের সহায়তা, স্বাস্থ্য সুরক্ষা, খাদ্য, ক্রীড়া নীতি, দুর্যোগ ত্রাণ পরিষেবা, জমি ব্যবহার নিয়ন্ত্রণ ও পরিকল্পনা, বন্দর ও সামরিক বিমানবন্দর, গুরুত্বপূর্ণ পরিবহন ও নৌচলন ব্যবস্থা, সংবাদমাধ্যম ও প্রচার নিয়ন্ত্রণ, শক্তি উৎপাদন, পরিবহন ও জাতীয় বন্টন, নিঃশুল্ক ও অঘণ্ট উত্তরবেতন ব্যবস্থা, সরকারি ক্ষেত্রের বাজেট নিয়ন্ত্রণের সমন্বয় সাধন ও সরকারি অর্থব্যবস্থা ও কর ব্যবস্থার সমন্বয় বিধান, পরিবেশ ও সাংস্কৃতিক উত্তরাধিকারের প্রচার ও প্রসার এবং সাংস্কৃতিক ক্রিয়াকলাপের প্রসার ও আয়োজন, সেভিংস ব্যাঙ্ক, গ্রামীণ সমবায়িক ব্যাঙ্ক ও আঞ্চলিক ব্যাঙ্ক, কৃষিকাজ ও জমি উন্নয়নের জন্য আঞ্চলিক ঋণ প্রতিষ্ঠান।

যৌথ আইনের ক্ষেত্রে রাজ্য আইনের জন্য সংরক্ষিত মৌলিক নীতিগুলি ছাড়া বাকি সব ক্ষেত্রে অঞ্চলগুলির আইনি অধিকার আছে।

প্রত্যক্ষভাবে রাজ্য আইনের জন্য সংরক্ষিত নয় এমন সব ক্ষেত্রে অঞ্চলগুলির একচেটিয়া আইনি অধিকার আছে।

তাদের যোগ্যতার আওতাভুক্ত বিষয়ে, পৌর আইন গঠন সম্পর্কিত যে কোনো আলোচনায় অঞ্চলগুলি ও স্বায়ত্তশাসিত রেস্তো এবং বোলংসানো প্রদেশগুলি যোগ দেয়। অঞ্চল এবং প্রদেশগুলি রাজ্য আইন দ্বারা নির্ধারিত পদ্ধতি অনুসারে আন্তর্জাতিক দায়িত্ব এবং ইউরোপীয় সম্মের ধারাগুলি লাগু করা ও চালু করারও দায়িত্ব গ্রহণ করে। যে সব ক্ষেত্রে অঞ্চলগুলি এই দায়িত্ব পালনে ব্যর্থ হয় সেখানে রাজ্য আইনে তাদের বিকল্প হিসেবে রাজ্যের কাজ করার পদ্ধতি নির্ধারিত আছে।

যে সব বিষয়ে রাজ্যের একচেটিয়া আইনি অধিকার আছে সেখানে উপবিধি জারি করার অধিকার রাজ্যের হাতে ন্যস্ত শর্তসাপেক্ষে যে এই অধিকার অঞ্চলকে দেওয়া হবে না। অন্য যে কোনো বিষয়ে উপবিধি জারি করার অধিকার অঞ্চলকে প্রদত্ত।

পৌরসম্ম, প্রদেশ ও মহানগরীগুলির তাদের প্রতি প্রদত্ত কার্যভার গঠন ও সম্পাদন সংক্রান্ত নিয়ন্ত্রক ক্ষমতা আছে।

আঞ্চলিক আইনগুলিকে সামাজিক, সাংস্কৃতিক ও আর্থিক স্তরে পুরুষ ও নারীর সম্পূর্ণ সমতায় বাধাদায়ী সমস্ত প্রতিবন্ধক সরাসরি হবে ও নির্বাচিত পদে পুরুষ ও নারীর সমানাধিকার নিশ্চিত করতে হবে।

আঞ্চলিক আইনকে দুটি অঞ্চলের মধ্যে তাদের ভূমিকা আরো ভালোভাবে পালনের উদ্দেশ্যে সম্পাদিত চুক্তি অনুমোদিত করতে হবে যার মধ্যে যৌথ প্রতিষ্ঠান স্থাপনও অন্তর্ভুক্ত।

তাদের যোগ্যতার আওতার মধ্যে অঞ্চলগুলি বিদেশি রাজ্যের সঙ্গে চুক্তিবদ্ধ হতে পারে এবং বিদেশি রাজ্যের ক্ষেত্রে সম্পর্কে সমঝোতা করতে পারে যা রাজ্য আইন নির্ধারিত আকার ও ঘটনার অনুরূপ হতে হবে।

অনুচ্ছেদ 118

প্রশাসনিক ভূমিকা পৌরসম্মের হাতে থাকে, যদি না তা সমালতা নিশ্চিত করার জন্য প্রদেশ, মহানগরী, অঞ্চল বা রাজ্যকে অধীনতা, পার্থক্য ও যোগ্যতার ভিত্তিতে দান করা হয়।

পৌরসম্ম, প্রদেশ ও মহানগরীর নিজস্ব প্রশাসনিক ভূমিকা থাকে এবং তা ছাড়াও তাদের যোগ্যতার ক্ষেত্রে অনুসারে রাজ্য বা আঞ্চলিক আইন প্রদত্ত ভূমিকাও থাকে।

রাজ্য আইন অনুচ্ছেদ 117র b ও h-এ উল্লেখ করা বিষয়ে রাজ্য ও অঞ্চল সমন্বয় সাধনে সহায়তা করে, এ ছাড়াও সাংস্কৃতিক উত্তরাধিকারের সুরক্ষাজালিত বিষয়ে উপলব্ধি ও সমন্বয়ের উপায় সরবরাহ করে।

রাজ্য, অঞ্চল, মহানগরী, প্রদেশ ও পৌরসম্মগুলি সার্বজনীন আগ্রহের কার্যকলাপ পরিচালনার জন্য নাগরিকবৃন্দ দ্বারা এককভাবে বা দলগতভাবে গৃহীত স্থায়ী উদ্যোগকে সমর্থন করে, এটি সহায়ক নীতির অন্তর্গত।

অনুচ্ছেদ 119

পৌরসম্ম, প্রদেশ, মহানগরী ও অঞ্চলগুলির আয় ও ব্যয়সংক্রান্ত আর্থিক স্বাধীনতা আছে।

পৌরসম্ম, প্রদেশ, মহানগরী ও অঞ্চলগুলির স্থায়ী সঙ্গতি আছে। তারা সংবিধানের সঙ্গে সামগ্র্য বজায় রেখে নিজেদের কর ও আয় উৎপন্ন করে যা সরকারি অর্থ ও কর ব্যবস্থার নীতির অনুরূপ। তাদের এলাকার রাজ্য কর থেকে প্রাপ্ত অর্থের এক অংশ তারা পেয়ে থাকে।

যে সব অঞ্চলের মাথাপিছু আয় কম সেখানকার উপকারের উদ্দেশ্যে রাজ্য আইনে একটি সমতা সাধন তহবিল স্থাপিত হয়, যার আয় বন্টনের কোনো সীমাবদ্ধতা নেই।

পূর্ববর্তী অনুচ্ছেদগুলিতে উক্ত উৎসগুলি থেকে উদ্ধৃত আয়ে পৌরসম্ম, প্রদেশ, মহানগরী ও অঞ্চলগুলির নির্দিষ্ট যাবতীয় কাজের খরচ চালাতে হবে।

কোনো কোনো পৌরসম্ম, প্রদেশ, মহানগরী ও অঞ্চলকে অর্থনৈতিক বিকাশ এবং সামাজিক ঐক্য ও সংহতির জন্য, আর্থিক ও সামাজিক বৈষম্য দূর করার জন্য, মানবাধিকারের প্রকৃত বৃদ্ধির জন্য, এবং তাদের সাধারণ ভূমিকা ছাড়া অন্য উদ্দেশ্যে অনুসরণের জন্য রাজ্য অতিরিক্ত অর্থ মঞ্জুর করতে পারে বা তাদের জন্য লাভদায়ক কোনো কাজ করতে পারে।

পৌরসম্ব, প্রদেশ, মহানগরী ও অঞ্চলগুলির নিজস্ব সম্পদ আছে যা রাজ্য আইনের সাধারণ নীতি অনুসারে তাদের দেওয়া হয়েছে। একমাত্র বিনিয়োগের খরচের জন্যই তারা স্বর্ণ গ্রহণ করতে পারে। এই সব স্বর্ণের ক্ষেত্রে রাজ্য জামিন হবে না।

অনুচ্ছেদ 120

অঞ্চলগুলি তাদের নিজস্বের মধ্যে যাতায়াত বা আমদানি রফতানি শুল্ক বসাতে পারে না, বা অঞ্চলগুলির মধ্যে ব্যক্তি বা বস্তু স্বাধীন চলাচলে বিঘ্ন ঘটায় এমন কোনো শর্ত অবলম্বন করতে পারে না বা দেশের এলাকার মধ্যে কোথাও নাগরিকদের পেশা বা বৃত্তি পরিচালনার অধিকার সীমিত করতে পারে না।

সরকার আঞ্চলিক, মহানগরীয়, প্রাদেশিক বা পৌর কর্তৃপক্ষের প্রতিভূরূপে কাজ করতে পারে যখন সেগুলি আন্তর্জাতিক আইন বা চুক্তি বা পৌর আইন লঙ্ঘন করে, জনগণের সুস্থতা ও নিরাপত্তার প্রতি গুরুতর আশঙ্কা থাকে, এবং যখনই জাতির আইনি বা অর্থনৈতিক একতা নিশ্চিত করার জন্য এমন বিকল্পায়নের প্রয়োজন হয় এবং সর্বোপরি দেওয়ানি ও সামাজিক অধিকার সংক্রান্ত প্রাথমিক মানগুলি রক্ষা করার প্রয়োজন হয়, স্থানীয় প্রশাসনের সীমানা নিরপেক্ষে। অধীনতা ও ন্যায় সহযোগিতার নীতির সীমারেখার মধ্যে বিকল্পায়নের ক্ষমতা প্রয়োগের জন্য আইন উপযুক্ত বন্দোবস্ত জোগায়।

অনুচ্ছেদ 121

আঞ্চলিক অঙ্গগুলি হল: আঞ্চলিক পরিষদ, সদস্যমণ্ডলী ও অধ্যক্ষ।

আঞ্চলিক পরিষদ সংবিধান ও আইন দ্বারা প্রদত্ত অধিকারবলে অঞ্চলের আইনি ক্ষমতা ও অন্যান্য ভূমিকা পরিচালনা করে। এটি সদনে থসড়া আইন পেশ করতে পারে।

আঞ্চলিক পরিষদের সদস্যমণ্ডলী অঞ্চলের কার্যনির্বাহী কর্তৃপক্ষ।

আঞ্চলিক পরিষদের অধ্যক্ষ অঞ্চলের প্রতিনিধিত্ব করেন; তিনি পরিষদের সদনের সাধারণনীতি পরিচালনা করেন ও তার দায়িত্বভার গ্রহণ করেন; তিনি আঞ্চলিক আইন ও বিধিনিয়ম প্রচার করেন; তিনি কেন্দ্রীয় সরকারের নির্দেশানুসারে রাজ্য দ্বারা অঞ্চলকে প্রদত্ত প্রশাসনিক কার্যভার পরিচালনা করেন।

অনুচ্ছেদ 122

নির্বাচন ব্যবস্থা, আঞ্চলিক পরিষদের তথা আঞ্চলিক সদনের অধ্যক্ষ ও অন্যান্য সদস্যদের অযোগ্যতা ও অসামঞ্জস্য মৌলিক নীতির সীমাবদ্ধতার মধ্যে আঞ্চলিক আইন দ্বারা নিয়ন্ত্রিত যা নির্বাচিত প্রতিনিধিদের মেয়াদও নির্দিষ্ট করে।

কোনো ব্যক্তি সমসাময়িকভাবে আঞ্চলিক পরিষদ বা সদন এবং সংসদের সদন বা অন্য কোনো পরিষদ বা আঞ্চলিক পরিষদ বা ইউরোপীয় সংসদের সদস্য থাকতে পারবেন না।

আঞ্চলিক পরিষদের সদস্যদের মধ্যে থেকে অধ্যক্ষ ও অধ্যক্ষের দফতর নির্বাচন করা হয়।

কার্যনির্বাহনকালে ব্যক্তি মতামত ও প্রদত্ত ভোটারের জন্য আঞ্চলিক উপদেষ্টাদের দায়ী করা হবে না।

আঞ্চলিক পরিষদের অধ্যক্ষ, আঞ্চলিক সংবিধিতে অন্য ব্যবস্থা না থাকলে সার্বজনীন ও সরাসরি মতদানের মাধ্যমে নির্বাচিত হন। নির্বাচিত অধ্যক্ষ সদনের সদস্যদের নিয়োগ ও বরখাস্ত করেন।

অনুচ্ছেদ 123

প্রত্যেক অঞ্চলের একটি সংবিধি থাকে যা সংবিধানে অনুসারে প্রশাসন ব্যবস্থার ধরণ এবং সংগঠন ও পরিচালনার মৌলিক নীতি নির্ধারণ করে। এই সংবিধি উদ্যোগ আই প্রয়োগ এবং অঞ্চলের আইন ও প্রশাসনিক শর্তাদির প্রতি গণভোটে প্রয়োগ তথা আঞ্চলিক আইন ও বিধিনিয়মের প্রকাশ নিয়ন্ত্রণ করে।

সংবিধি আঞ্চলিক পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের দ্বারা দু মাসের মধ্যে দুবার অনুমোদিত একটি আইন দ্বারা গৃহীত ও সংশোধিত হয়। এই আইন ভারপ্রাপ্ত সরকারি আধিকারিকের কাছে পেশ করার প্রয়োজন নেই। আঞ্চলিক সংবিধি প্রকাশিত হওয়ার ত্রিশ দিনের মধ্যে কেন্দ্রীয় সরকার সাংবিধানিক আদালতের কাছে আঞ্চলিক সংবিধির সাংবিধানিক বৈধতা সম্বন্ধে প্রশ্ন রাখতে পারে।

সংবিধি প্রকাশের তিন মাসের মধ্যে নির্বাচকমণ্ডলীর পঞ্চাশ ভাগের এক ভাগ বা আঞ্চলিক পরিষদের সদস্যদের এক-পঞ্চমাংশ দাবি করলে তা গণভোটারের জন্য পেশ করা হয়। সংখ্যাগরিষ্ঠ বৈধ ভোট না থাকলে গণভোটে পেশ করা সংবিধি প্রচারিত হয় না।

প্রত্যেক অঞ্চলের সংবিধিতে স্থানীয় প্রশাসন পরিষদের ব্যবস্থা রাখতে হবে, যা আঞ্চলিক ও স্থানীয় কর্তৃপক্ষের মধ্যে আলাপআলোচনার মাধ্যম রূপে কাজ করে।

অনুচ্ছেদ 124

অনুচ্ছেদ 9 -এর ধারা 2, টীকা 3 অনুসারে 18 অক্টোবর 2001, সাংবিধানিক আইন থেকে বিলোপ করা হয়েছে।

অনুচ্ছেদ 125

অঞ্চলগুলিতে প্রজাতন্ত্রের আইন অনুসারে প্রথম শ্রেণীর প্রশাসনিক ন্যায়বিচারের মাধ্যম স্থাপিত আছে। এগুলি অঞ্চলের প্রধান শহরে পরীক্ষা করে দেখতে পারা হবে।

অনুচ্ছেদ 126

আঞ্চলিক পরিষদ সংবিধান বিরোধী কার্যকলাপে লিপ্ত থাকলে বা গুরুতর আইনের উল্লঙ্ঘন ঘটালে প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির জারি করা কারণ দর্শানো একটি অনুশাসনের মাধ্যমে আঞ্চলিক পরিষদ ভেঙে দেওয়া যাবে ও পরিষদের অধ্যক্ষকে অপসৃত করা যাবে। জাতীয় নিরাপত্তার কারণেও পরিষদ ভেঙে দেওয়া ও অধ্যক্ষের অপসারণের আদেশ দেওয়া যাবে। প্রজাতন্ত্রের আইন অনুযায়ী সেনেটর ও প্রতিনিধিদের নিয়ে গঠিত একটি আঞ্চলিক বিষয় সংক্রান্ত আয়োগের সঙ্গে পরামর্শের পরেই অনুশাসনটি গ্রহণ করা যাবে।

আঞ্চলিক পরিষদ সদনের অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনতে পারে, যার কারণ নির্দেশ করতে হবে, যা সদস্যদের এক-পঞ্চমাংশের স্বাক্ষর সংবলিত হতে হবে, নাম ডাকার সাহায্যে অনুমোদিত হতে হবে এবং সংখ্যাগরিষ্ঠ সদস্য দ্বারা মঞ্জুর হতে হবে। পেশ করার তিন দিনের মধ্যে প্রস্তাবটি আলোচনা করা যাবে না।

সার্বভৌমত্ব ও সরাসরি মতাদান দ্বারা নির্বাচিত আঞ্চলিক পরিষদের অধ্যক্ষের বিরুদ্ধে অনাস্থা প্রস্তাবের অনুমোদন তথা তাএর অপসারণ, স্থায়ী প্রতিবন্ধকতা, মৃত্যু বা ষেচ্ছায় পদত্যাগের পরিপ্রেক্ষিতে সদস্যদের পদত্যাগ করতে হবে ও পরিষদ ভেঙে দেওয়া হবে। পরিষদের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের এককালীন পদত্যাগেও একই পদ্ধতি অনুসৃত হবে।

অনুচ্ছেদ 127

সরকার যদি কোনো আঞ্চলিক আইনকে অঞ্চলের অধিকার উল্লঙ্ঘনকারী মনে করে সে ক্ষেত্রে আইনটি জারি হবার ষাট দিনের মধ্যে সাংবিধানিক আদালতের কাছে সেটির সাংবিধানিক বৈধতা সংক্রান্ত প্রশ্ন উত্থাপন করা যাবে।

কোনো অঞ্চল কোনো রাজ্য আইন, আইনি ধারা বা অন্য অঞ্চলের আইনকে তার নিজের ক্ষমতাবৃত্তে হস্তক্ষেপকারী মনে করলে উক্ত আইনটি জারি হবার ষাট দিনের মধ্যে সাংবিধানিক আদালতের কাছে সেটির সাংবিধানিক বৈধতা সংক্রান্ত প্রশ্ন উত্থাপন করতে পারবে।

অনুচ্ছেদ 128

অনুচ্ছেদ 9 -এর ধারা 2, টীকা 3 অনুসারে 18 অক্টোবর 2001, সাংবিধানিক আইন থেকে বিলোপ করা হয়েছে।

অনুচ্ছেদ 129

অনুচ্ছেদ 9 -এর ধারা 2, টীকা 3 অনুসারে 18 অক্টোবর 2001, সাংবিধানিক আইন থেকে বিলোপ করা হয়েছে।

অনুচ্ছেদ 130

অনুচ্ছেদ 9 -এর ধারা 2, টীকা 3 অনুসারে 18 অক্টোবর 2001, সাংবিধানিক আইন থেকে বিলোপ করা হয়েছে।

অনুচ্ছেদ 131

নিম্নলিখিত অঞ্চলগুলি গঠন করা হয়েছে:

পিম্বেন্দ্রে; আওস্তা উপত্যকা; লম্বাদিয়া;

ত্রিগুলা-দক্ষিণ; ভেলভো; ক্রিউলি-ভেলভেসিয়া-জিউলিয়া; লিগুরিয়া; এমিলিয়া রোমানিয়া; তস্কানা; উম্ব্রিয়া; মার্কে; লাভসিও;

আব্রুজি; মলিসে; কাম্পানিয়া; পিউলিয়া; বাসিলিকাতা; কালাব্রিয়া; সিচিলিয়া; সার্দেনিয়া।

অনুচ্ছেদ 132

সাংবিধানিক ধারা অনুসারে ও আঞ্চলিক পরিষদগুলির সঙ্গে আলোচনাক্রমে বিদ্যমান অঞ্চলগুলিকে একাত্ম করা যেতে পারে বা নতুন অঞ্চল সৃষ্টি করা যেতে পারে, যদি নতুন অঞ্চলের লোকসংখ্যা অন্ততঃ দশ লক্ষ হয়, এবং তা জনসংখ্যার অন্ততঃ এক-তৃতীয়াংশের প্রতিনিধিকারী পৌরসমষ্টি দ্বারা অনুমোদিত হয়, এবং যখন তা সংখ্যাগরিষ্ঠ জনতা দ্বারা গণভোটে অনুমোদিত হয়।

গণভোটে প্রকাশিত সংশ্লিষ্ট প্রদেশ বা প্রদেশসমূহ এবং পৌরসমষ্টি বা পৌরসমষ্টিসমূহের জনগণের সংখ্যাগরিষ্ঠ অনুমোদনের দ্বারা, আঞ্চলিক পরিষদের সঙ্গে আলোচনাক্রমে রাজ্য আইন প্রদেশ ও পৌরসমষ্টির এক অঞ্চল থেকে বিচ্ছিন্ন হয়ে অন্য অঞ্চলে যুক্ত হওয়ার অনুরোধ অনুমোদন করতে পারে।

অনুচ্ছেদ 133

পৌরসমষ্টির অনুরোধক্রমে ও অঞ্চলগুলির সঙ্গে আলোচনার ভিত্তিতে প্রদেশের সীমারেখা পরিবর্তিত হতে পারে ও নতুন প্রদেশ গঠিত হতে পারে।

প্রতিটি অঞ্চল সংশ্লিষ্ট জনগণের মতামতের ভিত্তিতে স্ব-স্ব এলাকার মধ্যে স্থায়ী ধারাবাহিক নতুন পৌরসমষ্টি নির্মাণ করতে পারে ও তাদের সীমারেখা ও নাম পরিমার্জিত করতে পারে।

পিরোনাম 6
সাংবিধানিক নির্ভরপত্র
বিভাগ 1
সাংবিধানিক আদালত

অনুচ্ছেদ 134

সাংবিধানিক আদালত বিচার:

সাংবিধানিক আদালত যে সব বিতর্কের মীমাংসা করে তা হল রাজ্য বা অঞ্চল দ্বারা গৃহীত কোনো আইন বা আইনি ধারার সাংবিধানিক বৈধতা;

রাজ্য, রাজ্য ও অঞ্চল, এবং অঞ্চলগুলির মধ্যে সরকারের বিভিন্ন শাখায় ক্ষমতাবন্টন সংক্রান্ত বিরোধ; এবং

সাংবিধান অনুসারে রাষ্ট্রপতির বিরুদ্ধে আনা অভিযোগ।

অনুচ্ছেদ 135

সাংবিধানিক আদালতে পনেরো জন বিচারপতি থাকেন যার এক-তৃতীয়াংশ প্রজাতন্ত্রের রাষ্ট্রপতি দ্বারা নিযুক্ত, এক-তৃতীয়াংশ সংসদের যৌথ অধিবেশন দ্বারা নিযুক্ত এবং এক-তৃতীয়াংশ সাধারণ ও প্রশাসনিক সর্বোচ্চ ন্যায়ালয় দ্বারা নিযুক্ত হন। বিচারপতির সাধারণ ও প্রশাসনিক সর্বোচ্চ ন্যায়ালয়ের অবসরপ্রাপ্ত বিচারক, বিশ্ববিদ্যালয়ের আইনের অধ্যাপক বা কুড়ি বছর ধরে ব্যবসায়রত আইনজীবীদের মধ্যে থেকে নির্বাচিত হতে পারেন।

সাংবিধানিক আদালতের বিচারপতির নয় বছরের জন্য নিয়োজিত হন, যে মেয়াদ শপথগ্রহণের দিন থেকে আরম্ভ হয় এবং তাঁরা পুনরায় নিযুক্ত হতে পারেন না।

মেয়াদ ফুরালে সাংবিধানিক বিচারপতি তাঁর আসন ত্যাগ করবেন ও ওই তুমিকা আর পালন করবেন না।

আদালত তার সদস্যদের মধ্যে থেকে আইনানুগভাবে সভাপতি নির্বাচন করে যিনি তিন বছরের জন্য কার্যভার গ্রহণ করেন ও পুনর্নির্বাচিত হতে পারেন, তবে বিচারপতিদের স্বাভাবিক মেয়াদ অতিক্রম করতে পারেন না।

বিচারপতি পদ অধিষ্ঠান করা কালে সাংসদ, আঞ্চলিক পরিষদের সদস্য, আইনব্যবসায়ী বা আইন দ্বারা নির্ধারিত অন্য কোনো পদ বা কার্যভার বহন করা যাবে না।

রাষ্ট্রপতির বিরুদ্ধে অভিযোগের বিচারকালে আদালতে অতিরিক্ত ষোলজন সদস্য থাকবেন যাঁদের সেনেটে নির্বাচিত হবার যোগ্যতাসম্পন্ন নাগরিকদের মধ্যে থেকে প্রতি নয় বছরে সংসদ দ্বারা নির্বাচিত একটি তালিকা থেকে লটারি করে বাছা হয়, সাধারণ বিচারপতিদের নিযুক্তির অনুপাত অনুসারে।

অনুচ্ছেদ 136

আদালত কোনো আইন বা ধারাকে আইন বলে সাংবিধানিকভাবে অবৈধ ঘোষণা করলে তার পরের দিন থেকেই আইনটি কার্যকারিতা হারায়।

আদালতের সিদ্ধান্ত প্রকাশিত হয় এবং সংসদ ও সংশ্লিষ্ট সদনগুলিকে জানিয়ে দেওয়া হয় যাতে তারা প্রয়োজনে সাংবিধানিকভাবে উপযুক্ত ব্যবস্থা নিতে পারে।

অনুচ্ছেদ 137

একটি সাংবিধানিক আইন কোনো আইনের সাংবিধানিক বৈধতা সম্পর্কে প্রশ্ন তোলার শর্ত, আকার ও মেয়াদ নির্ধারিত করে ও বিচারকদের স্বাধীনতা নিশ্চিত করে।

আদালতের গঠন ও পরিচালনা সংক্রান্ত অন্যান্য যাবতীয় নিয়ম সাধারণ আইন দ্বারা নির্ধারিত হয়।

সাংবিধানিক আইনের সিদ্ধান্তের বিরুদ্ধে পুনর্বিচারের প্রার্থনা করা চলবে না।

বিভাগ 2

সাংবিধান সংশোধন
সাংবিধানিক আইন

অনুচ্ছেদ 138

সাংবিধান সংশোধন ও অন্যান্য সাংবিধানিক আইন উভয় সদন দ্বারা তিন মাসের মধ্যে দুই বার মতদানের মাধ্যমে গৃহীত হয় এবং দ্বিতীয় মতদানে উভয় সদনের নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতায় আইনটি মঞ্জুর হয়।

আইন জারি হবার তিন মাসের মধ্যে কোনো একটি সদনের সদস্যসংখ্যার এক-পঞ্চমাংশ বা পাঁচ লক্ষ মতদাতা বা পাঁচটি আঞ্চলিক পরিষদ দাবি করলে সেই আইনটিকে গণভোটে জন্ম দেয়া হয়। সংখ্যাগরিষ্ঠ বৈধ ভোটের অনুমোদন না পেলে আইনটি প্রচারিত হয় না।

যদি উভয় সদনেরই দ্বিতীয় মতদানে সদস্যদের দুই-তৃতীয়াংশ সংখ্যাগরিষ্ঠতায় আইনটি মঞ্জুর হয় তা হলে গণভোট ডাকা হয় না।

অনুচ্ছেদ 139

সংবিধান সংশোধনের মাধ্যমে দেশের প্রজাতান্ত্রিক রূপ পরিবর্তন করা চলবে না।
অস্থায়ী ও চূড়ান্ত ব্যবস্থা

I

সংবিধান চালু হবার সঙ্গে সঙ্গে রাজ্যের অস্থায়ী প্রধান প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির ভূমিকা পালন করবেন ও সেই উপাধি গ্রহণ করবেন।

II

যদি রাষ্ট্রপতি নির্বাচনের দিনে সবগুলি আঞ্চলিক পরিষদ গঠিত না হয়ে থাকে তা হলে কেবল উভয় সদনই নির্বাচনে অংশ গ্রহণ করবে।

III

প্রজাতন্ত্রের প্রথম সেনেট গঠনে রাষ্ট্রপতির অনুশাসনবলে সংবিধান সভার সেনেটের পদের যোগ্য সদস্যরা সেনেটের নামে পরিচিত হবেন এবং তাঁদের:

মন্ত্রীসভার বা বিধানসভার প্রধান হতে হবে; ভেঙে দেওয়া সেনেটের সদস্য থাকতে হবে; সংবিধান সভা সহ অন্ততঃ তিনটি নির্বাচনে অংশগ্রহণ করে থাকতে হবে; 9 নভেম্বর 1926 এর প্রতিনিধি পরিষদের অধিবেশনে তাঁদের বরখাস্ত ঘোষিত হতে হবে; রাজ্যের সম্মানে ফার্সিবাণী বিশেষ আদালতের দণ্ডদেশবলে অন্ততঃ পাঁচ বছর কারাদণ্ড ভোগ করে থাকতে হবে।

প্রজাতন্ত্রের রাষ্ট্রপতির জারি করা অনুশাসনক্রমে ভেঙে দেওয়া জাতীয় পরিষদের সেনেটের সদস্যরাও সেনেটের নামে পরিচিত হবেন।

নাম প্রস্তাবের নিযুক্তিপত্র স্বাক্ষরিত হওয়ার আগে সেনেটের পদপ্রাপ্তির অধিকার ত্যাগ করা যাবে। রাজনৈতিক নির্বাচনে প্রার্থীপদ স্বীকার সেনেটের পদে নাম প্রস্তাবের অধিকার বিসর্জন বোঝায়।

IV

সেনেটের প্রথম নির্বাচনের জন্য মলিসেকে অঞ্চল গণ্য করা হবে, জনসংখ্যার অনুপাতে সেনেটের সংখ্যা ধার্য করে।

V

আর্থিক বোঝা চাপানো বা আইনি সংশোধন ঘটানো আন্তর্জাতিক চুক্তি সংক্রান্ত সংবিধানের অনুচ্ছেদ 80র বন্দোবস্ত সদনগুলির সমবেত হওয়ার তারিখ থেকে প্রযোজ্য হবে।

VI

সংবিধান চালু হওয়ার পাঁচ বছরের মধ্যে রাজ্য পরিষদ, নিরীক্ষা আদালত ও সামরিক আদালতের এভিয়ারের বাইরে বিদ্যমান বিচারব্যবস্থার সকল বিশেষ অঙ্গের পুনরায়ন করা হবে।

ওই তারিখের এক বছরের মধ্যে অনুচ্ছেদ 111 অনুযায়ী সর্বোচ্চ সামরিক আদালতের আইনানুগ পুনর্বিন্যাস করা হবে।

VII

যতদিন না সংবিধান অনুসারে নূতন বিচারব্যবস্থার আইন প্রচারিত হয়, বিদ্যমান ব্যবস্থাই অনুসৃত হবে।

যতদিন না সাংবিধানিক আদালত কার্যকর হচ্ছে ততদিন পর্যন্ত অনুচ্ছেদ 134 এর বিতর্কগুলির মীমাংসা সংবিধান চালু হওয়ার পূর্বের আকারে ও সীমাবদ্ধতাতেই হবে।

VIII

সংবিধান চালু হওয়ার এক বছরের মধ্যে আঞ্চলিক পরিষদ ও প্রাদেশিক প্রশাসনের অঙ্গব্যবস্থাগুলির নির্বাচন ঘোষিত হবে।

অঞ্চলগুলিকে প্রদত্ত কার্য চালানার জন্য সরকারি প্রশাসনের সব শাখা প্রজাতন্ত্রের আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে। যতদিন না স্থানীয় নিগমের কাছে প্রশাসনের বন্টন ও পুনর্বিন্যাস করা হয় ততদিন প্রদেশ ও পৌরসমষ্টিগুলি তাদের বিদ্যমান ভূমিকা ও অঞ্চলগুলি দ্বারা প্রদত্ত কার্যভার পালন করে যাবে।

রাজ্যের আধিকারিক ও কর্মীদের এবং কেন্দ্রীয় প্রশাসনের অন্য অঞ্চলে নূতন ব্যবস্থার ফলে প্রয়োজনীয় বদলি প্রজাতন্ত্রের আইন দ্বারা নিয়ন্ত্রিত হবে। তাদের দফতর গঠনের জন্য অঞ্চলগুলিকে, কেবলমাত্র জরুরি ক্ষেত্র ছাড়া, রাজ্য ও স্থানীয় নিগমগুলি থেকে কর্মী সংগ্রহ করতে হবে।

IX

সংবিধান চালু হওয়ার তিন বছরের মধ্যেই প্রজাতন্ত্র তার আইনগুলিকে স্থানীয় স্বায়ত্তশাসনগুলির দাবি ও অঞ্চলগুলির আইনি দক্ষতাকে সম্মান দিয়ে বিন্যস্ত করবে।

X

ক্রিউলি-ভেনেতসিয়া জিউলিয়া অঞ্চলে, যেখানে অনুচ্ছেদ 116 তে দ্বিতীয় ভাগের শিরোনাম 5এর সাধারণ নীতিগুলি শর্তসাপেক্ষে প্রয়োগ করা হয়েছে, অনুচ্ছেদ 6 অনুসারে ভাষাগত সংখ্যালঘু সম্প্রদায়ের অধিকার সুরক্ষিত করা হয়েছে।

XI

সংবিধান চালু হওয়ার সময় থেকে পাঁচ বছর পর্যন্ত সাংবিধানিক আইনের সাহায্যে অনুচ্ছেদ 131 এর তালিকা সংশোধন করে আরো অঞ্চল গঠন করা যাবে এবং তা অনুচ্ছেদ 132 এর প্রথম অধ্যায়ে উক্ত শর্তগুলির পালন ছাড়াই করা যাবে, তবে সংশ্লিষ্ট জনগণের মতামত অবশ্যই গ্রহণ করতে হবে।

XII

ভেঙে দেওয়া ফার্সিবাণী দলের কোনো প্রকারের পুনর্গঠন নিষিদ্ধ।

অনুচ্ছেদ 48 থেকে সরে এসে আইন স্থাপন করা হয়েছে যার ফলে সংবিধান চালু হওয়ার সময় থেকে পাঁচ বছর পর্যন্ত ফার্সিবাদী দলের নেতাদের মতদানের অধিকার ও যোগ্যতায় সাময়িক সীমাবদ্ধতা প্রযুক্ত হয়েছে। 13

সাতোইয়া বংশের সদস্য ও বংশধরণ মতদানের অধিকারী নন এবং কোনো সরকারি পদ বা নির্বাচিত পদ ধারণ করতে পারবেন না।

সাতোইয়া বংশের পূর্বতন রাজা, তাঁদের সঙ্গিনী ও প্রাপ্তবয়স্ক পুরুষ বংশধরদের দেশের সীমানার ভিতরে প্রবেশ ও বসবাস নিষিদ্ধ।

দেশের মাটিতে সাতোইয়া বংশের পূর্বতন রাজা, তাঁদের সঙ্গিনী ও প্রাপ্তবয়স্ক পুরুষ বংশধরদের ভালোমন্দ দেখার দায় রাজ্যের।

2 জুন 1946এর পরে যে সব হস্তান্তর ও প্রকৃত অধিকার নিরূপণ করা হয়েছে তা বাতিল করা হয়েছে।

XIV

উচ্চ উপাধি স্বীকৃত হবে না।

28 অক্টোবর 1922এর আগের বিশেষণগুলি নামের অংশরূপে স্বীকৃত।

মরিস সম্প্রদায় চিকিৎসা নিগমরূপে সংরক্ষিত এবং তারা আইন অনুমোদিত পদ্ধতিতে কাজ করে।

রাজকীয় ঘোষের অধিবেশনের দমন আইন দ্বারা নিষিদ্ধিত।

XV

সংবিধান চালু হওয়ার আগেই 25 জুন 1944 এ টাকা 151 দ্বারা সাময়িক রাজ্যব্যবস্থায় প্রতিনিধিত্বের অনুশাসন আইনে পরিবর্তিত হয়েছে।

XVI

সংবিধান চালু হওয়ার এক বছরের মধ্যে তার পুনরায়ন ও পূর্ববর্তী যে সব সাংবিধানিক আইন প্রত্যক্ষ বা পরোক্ষভাবে লাকচ হয় নি সেগুলির সঙ্গে সামঞ্জস্যবিধান করা হবে।

XVII

31 জানুয়ারি 1948 এর মধ্যে সংবিধান সভার অধ্যক্ষ প্রজাতন্ত্রের সেনেটের নির্বাচনী আইন, বিশেষ আঞ্চলিক সংবিধি ও সংবাদপত্র আইনের উপর বিচারবিবেচনা করার জন্য অধিবেশন আহ্বান করবেন।

নূতন সদনের নির্বাচনের দিন পর্যন্ত সংবিধান সভার অধিবেশন আহ্বান করা যেতে পারে, যদি 16 মার্চ 1946 টাকা 98 এ জারি করা আইনের অনুচ্ছেদ 2এর প্রথম ও দ্বিতীয় অধ্যায় এবং 3এর প্রথম ও দ্বিতীয় অধ্যায়ে উক্ত বিষয়গুলির যোগ্যতা সম্বন্ধে আলোচনার প্রয়োজন হয়। এই সময়ে স্থায়ী সমিতিই কার্যক্ষমতায় থাকবে। খসড়া আইনগুলি সম্ভাব্য পর্যালোচনা ও সংশোধনের সুশীলসহ সরকারের কাছে ফেরত পাঠানো যেতে পারে।

প্রতিনিধিরা সরকারের কাছে লিখিত উত্তর দাবি করে প্রশ্ন রাখতে পারেন।

বর্তমান অনুচ্ছেদের দ্বিতীয় অধ্যায় অনুসারে রাষ্ট্রপতি সরকার দ্বারা কারণ দর্শানো অনুরোধ বা অন্ততঃ দুশোজন প্রতিনিধির অনুরোধে সংবিধান সভা আহ্বান করতে পারেন।

XVIII

বর্তমান সংবিধানটি সংবিধান অধিবেশনে মন্ত্রির পাঁচ দিনের মধ্যে অস্থায়ী রাষ্ট্রপ্রধান দ্বারা প্রচারিত এবং এটি চালু হবে 1 জানুয়ারি 1948 থেকে।

সমগ্র 1948 সাল ধরে সংবিধানের পাঠটি প্রজাতন্ত্রের সমস্ত শৌরসম্বন্ধের প্রদর্শন কক্ষে রাখা থাকবে, যাতে সকল নাগরিক এটি সম্বন্ধে ওয়াকিবহাল হতে পারেন।

রাজ্যের সীলমোহর সংবলিত সংবিধান প্রজাতন্ত্রের আইন ও অনুশাসন সমগ্র অন্তর্ভুক্ত থাকবে।

এই সংবিধান সকল নাগরিক ও রাজ্যের সকল মাধ্যম দ্বারা প্রজাতন্ত্রের বৃন্যাদী আইনরূপে আন্তরিকভাবে পালিত হবে।

তারিখ-রোম, 27 ডিসেম্বর 1947.

এনরিকো দে নিকোলা

প্রতিশ্রুত:

বিধানসভা অধ্যক্ষ :

উদ্বোধন তেরাচি

প্রধান মন্ত্রী:

দে গাসপেরি আপটিদে

অনুমোদক: মহাব্যবহারদেশক জিউসেগ্রে গ্রাসি

